Department of Education
Chancellor Richard A. Carranza



# শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিভিত্তিক আচরণগত প্রত্যাশা গ্রেড K–5

এর অন্তর্ভুক্ত আছে K–12 শিক্ষার্থীদের অধিকার ও দায়দায়িত্বের বিল এবং শৃঙ্খলা বিধি

**সেপ্টেম্বর 2019 থেকে কার্যকর**

**NYC Department of Education**

**রিচার্ড এ. কারানজা (Richard A. Carranza)**
*চ্যান্সেলর*

**লাশ্যন রবিনসন (LaShawn Robinson)**
*ডেপুটি চ্যান্সেলর*
*ডিভিশন অভ স্কুল ক্লাইমেট অ্যান্ড ওয়েলনেস*

**মার্ক রেমপারসান্ট (Mark Rampersant)**
*সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর*
*অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলাপমেন্ট*

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (NYCDOE) নীতি হলো প্রকৃত বা অনুমিত জাতি, ধর্ম, কৃষ্টি, জাতিগত পরিচয়, রাষ্ট্রিক পরিচয়, অভিভাসনগত অবস্থা, নাগরিকত্বের/অভিবাসনগত অবস্থা, প্রতিবন্ধিতা, বয়স, সেক্সুয়াল ওরিয়েন্টেশন, লিঙ্গ (স্ত্রী না পুরুষ), লিঙ্গ পরিচয়, লিঙ্গ অভিব্যক্তি অথবা ওজন বিবেচনায় না নিয়ে সবাইকে শিক্ষার সমসুযোগ দেয়া। এইসব বৈশিষ্ট্যের ভিত্তিতে যৌন হয়রানিসহ সব ধরনের হয়রানিমুক্ত পরিবেশ বজায় রাখাও NYCDOE-এর নীতি।

বৈষম্য-বিরোধী নীতির প্রতিপালন সংক্রান্ত অনুসন্ধান পাঠানো যেতে পারে নিচের ঠিকানায়:
NYCDOE Office of Equal Opportunity, 65 Court Street, Brooklyn, New York 11201, (718) 935-3320.

# সূচিপত্র

## শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYCDOE) আমাদের স্কুলগুলোয় নিরাপদ, সুরক্ষিত এবং সুশৃঙ্খল পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ যেখানে প্রতিদিন শেখান ও শেখার কাজ হয়ে থাকে। একটি সুরক্ষিত এবং সহায়ক স্কুল নির্ভর করে স্কুল কমিউনিটির সকল সদস্যের প্রচেষ্টার উপর – যেমন শিক্ষকবৃন্দ, প্রশাসক, পিতামাতা, কাউন্সেলর, সমাজ কর্মী, নিরাপত্তার দায়িত্বপ্রাপ্ত ব্যক্তিগণ, সংশ্লিষ্ট সেবা পরিষেবা প্রদানকারী, ক্যাফেটেরিয়া, কাস্টোডিয়াল এবং বাস কর্মীদের - সবার একে অপরের প্রতি শ্রদ্ধাশীল থাকার উপর।

এই ডকুমেন্ট, K–12 শিক্ষার্থীর অধিকার ও দায়িত্ব বিল (https://www.schools.nyc.gov/StudentRights)-এ, একটি বৈচিত্র্যপূর্ণ সমাজে ফলপ্রসু নাগরিক হয়ে ওঠায় সচেষ্ট শিক্ষার্থীদের সহায়তা করার জন্য নীতিমালা প্রতিষ্ঠার মাধ্যমে দায়িত্বপূর্ণ শিক্ষার্থী-আচরণ এবং মর্যাদাশীল ও সম্মানজনক পরিবেশ রক্ষাকে উৎসাহিত করা অন্তর্ভুক্ত রয়েছে।

## আচরণের মানদণ্ড

স্কুল কমিউনিটির—শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাগণ—সবাইকে অবশ্যই আচরণের মান যাতে সব শিক্ষার্থী অভ্যস্ত হবে বলে প্রত্যাশিত, পাশাপাশি এসব মান পূরণ না করলে কী ব্যবস্থা নেয়া হতে পারে, তা অবশ্যই জানতে ও বুঝতে হবে।

শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা (শৃঙ্খলা বিধি অন্তর্ভুক্ত) সেসব আচরণের বর্ণনা দেয়, যা NYC-এর শিক্ষার্থীদের কাছ থেকে প্রত্যাশিত মানদণ্ড পূরণকারী আচরণ, এবং যেসব আচরণ মানদণ্ড পূরণ করে না, তার ও বর্ণনা দেয়। এর অন্তর্ভুক্ত আছে বিভিন্ন ধরনের গাইডেন্স হস্তক্ষেপ বা মধ্যস্থতা এবং অনুমোদনযোগ্য শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা যা অসদাচরণের কোন ঘটনা মোকাবেলায় স্কুলগুলো নিতে পারে।

এসব সিটিব্যাপী আচরণগত প্রত্যাশা NYCDOE-এর সকল স্কুল শিক্ষার্থীদের প্রতি প্রযোজ্য।


**স্কুল পরিবেশ ও শৃঙ্খলাবিধান বিষয়ে আদর্শ সম্পর্কিত বিবৃতি ____ 3**

**ভূমিকা ____ 3**

**অংশীদার হিশেবে পিতামাতা ____ 4**

উপস্থিতি ____ 4

**সদাচারে শিক্ষার্থীদের উৎসাহ প্রদান ____ 5**

**K–12 পিতামাতার অধিকার এবং দায়বদ্ধতার বিল ____ 7**

সূচনা ____ 7

I. পাবলিক স্কুলে ফ্রি শিক্ষালাভের অধিকার ____ 7

II. মতপ্রকাশ এবং ব্যক্তি স্বাধীনতার অধিকার ____ 8

III. ন্যায়বিচার লাভের অধিকার ____ 8

IV. 18 এবং তার অধিক বয়সের শিক্ষার্থীদের বাড়তি অধিকার ____ 9

V. শিক্ষার্থীর দায়িত্ব ____ 10

**অগ্রগামী সহায়তার ধাপ এবং শৃঙ্খলাজনিত ব্যবস্থা ____ 11**

**সহায়তা এবং হস্তক্ষেপ ____ 13**

আবশ্যিক প্রামাণ্য নথি ____ 13

সহায়তা এবং মধ্যস্থতার পরিভাষা তালিকা ____ 13

**পুনরুদ্ধরমূলক অনুশীলনী ____ 16**

পুনরুদ্ধারমূলক অনুশীলনীর শব্দতালিকা ____ 16

**বুলি এবং পক্ষপাতমূলক আচরণের সমাধান ____ 18**

নিরোধ ও হস্তক্ষেপ ____ 18

বুলি কি? ____ 19

বুলি কোন দ্বন্দ্ব নয় ____ 20

**শৃঙ্খলা পদ্ধতি ____ 21**
স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থা ____ 21
সাসপেনশন এবং শিক্ষক কর্তৃক অপসারণ ____ 21
প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বাড়তি সুরক্ষা ____ 21
ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDR) ____ 21
ফাংশনাল বিহেভিয়র অ্যাসেসমেন্টস (FBA) এবং বিহেভিয়র ইন্টারভেনশন প্ল্যানস (BIP) ____ 22

**শৃঙ্খলাজনিত ব্যবস্থাগ্রহণ ____ 23**
স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থা ____ 23
ক্লাসরুম থেকে শিক্ষক কর্তৃক অপসারণ ____ 23
প্রিন্সিপ্যালের সাসপেনশন ____ 23
সুপারিনটেনডেন্টের সাসপেনশন ____ 25
সুপারিনটেনডেন্টের সাসপেনশনের ক্ষেত্রে চ্যান্সেলর বা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কিংবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর অনুমোদনের বাধ্যবাধকতার জন্য বিভিন্ন বিকল্প মীমাংসা ____ 25
সাসপেনশনের সময় এবং সাসপেনশন থেকে ফেরার পর শিক্ষার্থীদের জন্য সহায়তা ____ 26

**আপিল এবং ট্র্যান্সফার ____ 27**
আপিল ____ 27
বিভিন্ন ধরনের বদলির সুযোগসমূহ ____ 27

**নিষিদ্ধ সামগ্রী: অস্ত্র ____ 28**
ক্যাটেগরি I ____ 28
ক্যাটেগরি II ____ 28

**প্রগতিশীল শৃঙ্খলা ____ 28**
শৃঙ্খলা সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের উপায় নির্ধারণ ____ 29

**প্রগতিশীল লঙ্ঘনের স্তর ____ 30**
কোথায় এবং কখন শৃঙ্খলা বিধি প্রযোজ্য ____ 30
প্রি-K শিক্ষার্থীদের আচরণগত চাহিদা পূরণের উপায় ____ 31

**শঙ্খলা বিধি লঙ্ঘন: K–5 গ্রেড ____ 32**
স্তর 1 শৃঙ্খলা-লঙ্ঘন - অসহযোগিতামূলক/অস্বীকৃতিমূলক আচরণ ____ 32
স্তর 2 লঙ্ঘন - বিশৃঙ্খল আচরণ ____ 33
স্তর 3 লঙ্ঘন - বিশৃঙ্খল আচরণ ____ 35
স্তর 4 এবং স্তর 5 আচরণ সম্পর্কে ব্যবস্থা গ্রহণ ____ 37
স্তর 4 শৃঙ্খলা লঙ্ঘন - আক্রমণাত্মক অথবা আঘাত প্রদানকারী/ক্ষতিকর আচরণ ____ 38
স্তর 5 লঙ্ঘন - গুরুতর বিপজ্জনক অথবা হিংস্র আচরণ ____ 44

শুরুতে ফিরে যান

## স্কুল পরিবেশ ও শৃঙ্খলাবিধান বিষয়ে আদর্শ সম্পর্কিত বিবৃতি

2015 সালের জুলাই মাসের শেষ দিকে ডি ব্লাজিও প্রশাসন লিডারশিপ টিমগুলোর একটি সুপারিশ অবলম্বন করে, একটি নতুন "স্কুল পরিবেশ ও শৃঙ্খলাবিধান বিষয়ে আদর্শ সম্পর্কিত বিবৃতি" (https://www1.nyc.gov/site/sclt/impact/impact.page) জারি করেন। এই আদর্শ সম্পর্কিত বিবৃতি নিচে দেওয়া হলো।

নিউ ইয়র্ক সিটির মেয়রের অফিস, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশন এবং নিউ ইয়র্ক সিটি পুলিশ ডিপার্টমেন্ট বিশ্বাস করে সিটির স্কুলগুলিতে অবশ্যই সর্বোচ্চ শিক্ষণ সহায়ক পরিবেশ গড়ে তুলতে হবে। আমরা বিশ্বাস করি সকল শিক্ষার্থীর এই ধরনের পরিবেশ প্রাপ্য এবং তাদের শেখায় এবং সাফল্য অর্জনের সব সম্ভাবনা বিদ্যমান। এর অর্থ, সর্বপ্রথম, আমাদের স্কুলগুলোকে অবশ্যই নিরাপদ রাখতে হবে। এটা দিয়ে আরও বোঝানো হয় যে তাদেরকে নিরাপদ রেখে, আমরা অবশ্যই ছেলেমেয়েদের সকল চাহিদা পূরণকালে শিক্ষা প্রতিষ্ঠানগুলির মৌলিক চরিত্রও সংরক্ষণ করবো।

নিউ ইয়র্ক সিটি বিশ্বাস করে যে শৃঙ্খলাজনিত অতিরিক্ত শাস্তিমূলক ব্যবস্থা শিক্ষার্থীদের সর্বোচ্চ স্বার্থ রক্ষা করে না, তা স্কুল নিরাপত্তার উন্নতিকে ব্যাহত করে এবং শিক্ষার্থীদের দীর্ঘ-মেয়াদি সম্ভবনার জন্য ক্ষতিকর। গবেষণায় দেখা গেছে যে, যেসব শিক্ষার্থী শৃঙ্খলাজনিত সমস্যার সম্মুখীন হয়, এবং তারা যে স্কুলসমূহে পড়ে সেখানে তাদেরকে অংশগ্রহণ এবং শিক্ষণের জন্য প্রয়োজনীয় সামাজিক, মানসিক এবং আচরণগত দক্ষতা শিক্ষা দেয় এমন ইতিবাচক সহায়তা প্রদান করে আরও ভালো পরিষেবা প্রদান সম্ভব। সুতরাং, নিউ ইয়র্ক সিটি এইসব গবেষণা-লব্ধ শ্রেষ্ঠ অনুশীলনীর মাধ্যমে কীভাবে সহায়তা প্রদান করা যায় সেবিষয়ে স্কুল কর্মী এবং নিরাপত্তা কর্মীদেরকে প্রশিক্ষণ দেবে, এবং এতে অন্তর্ভুক্ত, বিশেষ চাহিদাযুক্ত শিক্ষার্থীদের অথবা দারিদ্র বা সহিংসতার কারণে আতংকগ্রস্তদের উন্নত সহায়তা প্রদান করা। কিছু স্কুলের প্রশিক্ষণ ছাড়াও বাড়তি রিসোর্সের চাহিদা থাকবে সেটি অনুধাবন করে, নিউ ইয়র্ক সিটি বিশেষভাবে উচ্চ-চাহিদাসম্পন্ন স্কুলগুলোতে শৃঙ্খলার প্রগতিশীল ধারাগুলো বাস্তবায়নে প্রয়োজনীয় নিয়োগ সংক্রান্ত সহায়তা প্রদান করবে। আমরা একইসাথে স্কুল পরিবেশ এবং নিরাপত্তার উন্নতি সাধনে স্থানীয় এবং জাতীয় মডেল গড়ে তুলবো। এইভাবে, নিউ ইয়র্ক সিটি স্কুল নিরাপত্তা বৃদ্ধি অব্যাহত রাখতে শৃঙ্খলা রক্ষার উপায় হিশেবে সাসপেনশনের ব্যবহার হ্রাস করবে এবং ছোটখাটো স্কুল অসদাচরণের জন্য সমন জারি এবং গ্রেপ্তারের ব্যবহার তুলে নেবে।

নিউ ইয়র্ক সিটি কোন বৈষম্য মেনে নেয় না এবং প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, কৃষ্টি, জাতিগত পরিচয়, জাতীয় সূত্র, বিদেশিত্ব, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, প্রতিবন্ধিত্ব, বয়স, যৌন পছন্দ, লিঙ্গ (পুরুষত্ব/নারীত্ব), লৈঙ্গিক পরিচয়, যৌন অভিব্যক্তি অথবা ওজনের ভিত্তিতে শিক্ষার্থীদের শৃঙ্খলাজনিত বিষয়ে সমন্বয়হীনতা এবং বৈষম্য দূরীকরণে সকল উপায়গুলো ব্যবহার করবে।

শুরুতে ফিরে যান

## ভূমিকা

একটি নিরাপদ এবং মর্যাদাশীল স্কুল কমিউনিটি প্রতিষ্ঠা এবং সেটার সংরক্ষণ স্কুলে শিক্ষার্থীরা কীভাবে আচরণ করে, সেবিষয়ে প্রধান ভূমিকা রাখে। ইতিবাচক শিক্ষার্থী আচরণ উন্নীত করতে, স্কুল কমিউনিটির সকল সদস্যকে—শিক্ষার্থী, কর্মী ও পিতামাতাগণ—গ্রহণযোগ্য আচরণমালা, যা সব শিক্ষার্থীর মেনে চলা প্রত্যাশিত, এবং এসব নিয়মকানুন লঙ্ঘনের মোকাবেলায় গৃহীত ব্যবস্থা জানতে ও বুঝতে হবে।

শিক্ষার্থীদের সাথে এসব আচরণের মানদণ্ড, K-12 শিক্ষার্থীর অধিকার এবং দায়বদ্ধতার বিল (https://www.schools.nyc.gov/StudentRights), এবং NYCDOE ইন্টারনেটের গ্রহণযোগ্য ব্যবহার ও সুরক্ষা নীতি (IAUSP) (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/internet-acceptable-use-policy) পর্যালোচনা করতে স্কুলগুলোর সময় আলাদা করে রাখা গুরুত্বপূর্ণ। এই পর্যালোচনা বয়স উপযুক্ত হওয়া উচিত যাতে সকল শিক্ষার্থী তারা যেখানেই থাকুক না কেন NYCDOE-এর ইন্টারনেট সিস্টেমে প্রবেশ এবং ব্যবহারের সময়সহ স্কুলে থাকাকালে তাদের কাছে প্রত্যাশিত আচরণ কী সেটি জানে এবং বোঝে। এটি বিশেষভাবে গুরুত্বপূর্ণ যখন আর্লি চাইল্ডহুড গ্রেডে শিক্ষার্থীরা আচরণ এবং তার জন্য প্রতিবিধান বুঝতে তাদের বেড়ে ওঠার পর্যায়ে থাকে তখন তাদের সাথে কাজ করা হয়। বয়স যাই হোক না কেন, সকল শিক্ষার্থী স্কুল কমিউনিটির প্রত্যাশার আলোচনায় সংশ্লিষ্ট হবে এবং তাদের আচরণের জন্য ক্লাসরুমের "মূল নীতি" তৈরি করতে সক্রিয় অংশগ্রহণ করবে।

সমভাবে, গুরুত্বপূর্ণ বিষয় হলো, সকল স্কুল শিক্ষক এবং কর্মীকে অবশ্যই স্পষ্ট এবং সমন্বিত আচরণগত প্রত্যাশা নিশ্চিতকরণ করতে হবে যা নিরাপদ, নিয়ম-মাফিক, এবং মর্যাদাপূর্ণ স্কুল কমিউনিটির ধারা গড়ে তোলে। স্কুলের শিক্ষক এবং কর্মীগণ শিক্ষার্থী আচরণ সংক্রান্ত কোন সমাধান প্রদানে অবশ্যই দৃঢ়, নিরপেক্ষ এবং সমন্বিত থাকবেন যা শিক্ষার্থীদেরকে তাদের ভুল থেকে শিক্ষালাভে সক্ষম করে এবং তাদের অসদাচরণের জন্য দায়বদ্ধ রাখে।

শুরুতে ফিরে যান

## অংশীদার হিশেবে পিতামাতা

*নোট: এই নথিতে "প্যারেন্ট" শব্দের দ্বারা ছেলেমেয়ের পিতামাতা বা অভিভাবক, কিংবা অন্য যে ব্যক্তির সাথে শিক্ষার্থীর পিতামাতাসূলভ বা তত্ত্বাবধানমুলক সম্পর্ক রয়েছে, এমন ব্যক্তিকে বোঝায়। জন্ম বা দত্তক পিতামাতা, সৎ পিতামাতা, আইন দ্বারা নিযুক্ত অভিভাবক, পালক পিতামাতা, এবং বর্তমানে স্কুলে পড়ছে এমন সন্তানের সাথে "পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি"। "পিতামাতার সম্পর্কে আবদ্ধ ব্যক্তি" দ্বারা এমন কোন ব্যক্তিকে বুঝান হয়, যিনি পিতামাতার মৃত্যু, কারাদণ্ড, মানসিক অসুস্থতা, স্টেটের বাইরে অবস্থান, সন্তানকে পরিত্যাগ করা বা এরকম অন্য কোন কারণে সন্তানের কাছে পিতামাতা বা অভিভাবক উপস্থিত না থাকায় তার দায়িত্ব গ্রহণ করেছেন।

স্কুলগুলোকে সুরক্ষিত রাখার জন্য শিক্ষার্থী, পিতামাতা, এবং স্কুল স্টাফদের সবার একটি ভূমিকা রয়েছে এবং এই লক্ষ্য অর্জনে তারা অবশ্যই একসাথে কাজ করবে। স্কুল-কর্মীদের দায়িত্ব পিতামাতাকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং কোন সমস্যা হলে তার সমাধানে পিতামাতাদেরকে অংশীদার হিশেবে নিয়োজিত করা। পিতামাতাদের সাথে যোগাযোগের মধ্যে অন্তর্ভুক্ত হতে পারে ফোনে যোগাযোগ, সশরীরে দেখা করা, এবং চিঠির মাধ্যমে যোগাযোগ, তবে তা এতেই সীমাবদ্ধ নয়। একটি নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশ গড়ে তুলতে পিতামাতাগণ যাতে সক্রিয় এবং সংশ্লিষ্ট অংশীদার হতে সক্ষম, উৎসাহিত ও সহায়তাপ্রাপ্ত হতে পারেন, সেটা নিশ্চিত করতে, তাদের অবশ্যই শৃঙ্খলা বিধির সাথে পরিচিত হতে হবে। স্কুলগুলোকে সুপারিশ করা হয় নিম্নলিখিত সহায়তাগুলো প্রদান করতে:

- স্কুল কর্মকর্তারা এই নথির তথ্য শিক্ষার্থী, কর্মচারী এবং পিতামাতাদেরকে জানানর জন্য দায়বদ্ধ থাকবেন। বিধিটি বোঝা এবং শিক্ষার্থীদের সামাজিক-মানসিক বেড়ে ওঠায় সহায়তা প্রদানে স্কুল কীভাবে পিতামাতাদের সাথে সবচেয়ে ভালো কাজ করতে পারে সেসব বিষয়ের উপর পিতামাতাদের জন্য কর্মশালা প্রদান করতে স্কুলগুলিকে উৎসাহিত করা হয়।
- শিক্ষাবিদগণের দায়িত্ব পিতামাতাকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং স্কুল ও সমাজে সাফল্যের জন্য প্রয়োজনীয় দক্ষতা শিক্ষার্থীদেরকে মধ্যে লালন করা। পিতামাতাকে তাদের সন্তানের শিক্ষকদের এবং অন্য স্কুল কর্মীদের সাথে ঐসব বিষয়ে আলোচনায় উৎসাহিত করা হয় যেগুলি শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করে এবং যা শিক্ষার্থীর সাথে কাজ করাতে কার্যকরী হয় এমন সব কৌশল।

স্কুল এবং বাড়ির মধ্যে অর্থবহ পরামর্শ এবং যোগাযোগ থাকা গুরুত্বপূর্ণ। কোন পিতামাতার সাথে যোগাযোগের প্রয়োজন হলে স্কুলগুলিকে অবশ্যই দোভাষ এবং অনুবাদ পরিষেবার ব্যবস্থা করতে হবে। প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, স্কুল কাউন্সেলর, শিক্ষার্থীর পিতামাতা, এবং শিক্ষার্থীর শিক্ষকদের মধ্যে এক বা একাধিক জন কর্তৃক গাইডেন্স কনফারেন্সে উপস্থিত থাকা পিতামাতার মতামতকে উৎসাহিত করার একটি কার্যকর উপায় এবং সেটি যখন যথাযথ, তখন শিক্ষার্থীদেরকে সাথে নিয়েই তা করা উচিত।

শিক্ষার্থী আচরণের জন্য যেসকল পিতামাতা সহায়তা এবং মধ্যস্থতাবিষয়ে আলোচনা করতে আগ্রহী তাদেরকে তাদের সন্তানের স্কুলের প্যারেন্ট কোঅর্ডিনেটরসহ প্রয়োজনবোধে আপনার ডিস্ট্রিক্ট অফিসের ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের যোগযাযোগ করতে হবে। আপনার স্কুল বা ডিস্ট্রিক্টের নির্দিষ্ট ব্যক্তির সাথে যোগাযোগের ব্যাপারে তত্ত্বাবধান লাভের এবং তাদের সাথে যোগাযোগের উপায়সমূহ জানার জন্য নিচের ওয়েবপেজটি ব্যবহার করুন: https://www.schools.nyc.gov/school-life/support/get-help ।

যদি কোন শিক্ষার্থী অনুপযুক্ত আচরণে সংশ্লিষ্ট হয় যা শৃঙ্খলা বিধির লঙ্ঘন, প্রিন্সিপ্যাল অথবা তার দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অবশ্যই শিক্ষার্থীর পিতামাতার কাছে সে আচরণের রিপোর্ট করবেন। যখন কোন শিক্ষার্থী কোন অপরাধ করেছে বলে বিশ্বাস হয়, সেক্ষেত্রে অবশ্যই পুলিশ ও পিতামাতাকে জানাতে হবে। আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-412 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

## উপস্থিতি

একজন শিক্ষার্থীর অ্যাকাডেমিক অগ্রগতি এবং সাফল্যের জন্য স্কুলে তার উপস্থিতি গুরুত্বপূর্ণ। স্কুল কর্মকর্তাদের অবশ্যই নিশ্চিত করতে হবে যে, যেসব শিক্ষার্থী নিয়মিত অনুপস্থিত থাকছে, তাদের জন্য যথাযথ প্রচেষ্টা, হস্তক্ষেপ এবং সহায়তা রয়েছে। স্কুল উপস্থিতির অফিস অথবা পিউপিল পারসোনাল কমিটিকে অনুপস্থিতি, অনুপস্থিতে অভ্যস্ততা, এবং/অথবা স্কুল পালানোর কেসগুলো পর্যালোচনা করতে হবে এবং উপস্থিতির শিক্ষক, ডিন, গাইডেন্স কাউন্সেলর, শিক্ষক, সোশ্যাল ওয়ার্কার এবং অন্য স্কুল কর্মীদের সংশ্লিষ্ট করে একটি সমাধান বের করতে হবে।

স্কুল স্টাফদের অবশ্যই প্রয়োজনীয় সহায়তা নির্ধারণ এবং যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য শিক্ষার্থী এবং পিতামাতার সাথে মিলিত হতে হবে, এর অন্তর্ভুক্ত আছে: তত্ত্বাবধানমূলক হস্তক্ষেপ, গাইডেন্স, পারিবারিক বৈঠক, কাউন্সেলিংয়ের জন্য রেফারাল, প্রাতিষ্ঠানিক প্রোগ্রাম পরিবর্তন, চুক্তি, এবং/অথবা টিউটরিং বা আফটার-স্কুল কর্মসূচিতে রেফারাল, তবে তা এতেই সীমাবদ্ধ নয়। কিছু সংখ্যক প্রতিরোধমূলক পরিষেবার আদর্শ(https://www1.nyc.gov/site/acs/child-welfare/preventive-services.page) NYC অ্যাডমিনিস্ট্রেশন ফর চিলড্রেন্স

(শিশুকল্যাণ পরিষেবা) (https://www1.nyc.gov/site/acs/about/about.page) দ্বারা চুক্তিবদ্ধ কম্যুনিটি-বেজড অর্গ্যানাইজেশনগুলো প্রদান করে। এসব বিকল্পের সাথে পরিচয় থাকলে পরিবার ও স্কুলগুলোকে অনুপস্থিতি সমস্যার মোকাবেলায় সেসব প্রতিরোধমূলক পরিষেবা কীভাবে ব্যবহার করা যেতে পারে, সেটা বুঝতে সহায়তা করে।

স্কুলগুলো উপস্থিতির একটি নীতিমালা তৈরি ও প্রকাশের জন্য দায়বদ্ধ যা উপস্থিতির মানদণ্ডের সুবিধাসমূহ সম্পর্কে জানায় এবং মার্জনাকৃত হিসেবে বিবেচিত অনুপস্থিতির (কিংবা বিলম্বিত হওয়ার), প্রয়োজনীয় নথি এবং মোকাবেলার জন্য প্রযোজ্য ব্যবস্থার সংজ্ঞাও স্থির করবে। আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-210 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।


শুরুতে ফিরে যান

## সদাচারে শিক্ষার্থীদের উৎসাহ প্রদান

শিক্ষার্থীদের অ্যাকাডেমিক অগ্রগতি এবং সতীর্থ ও প্রাপ্তবয়স্কদের সাথে তাদের সম্পর্কের উপর স্কুল সংস্কৃতি এবং পরিবেশের ব্যাপক প্রভাব রয়েছে। প্রত্যেক স্কুল শিক্ষার্থীকে একটি সহায়ক পরিবেশ প্রদানের লক্ষ্যে একটি উন্নত স্কুল আবহ এবং সংস্কৃতি তৈরি করবে বলে প্রত্যাশিত যেখানে শিক্ষার্থীরা লেখাপড়ায় ও সামাজিক দিক দিয়ে সমৃদ্ধ হয়ে বেড়ে উঠবে।

শিক্ষার্থীদের মধ্যে সমাজমুখী আচরণ লালন করতে স্কুলগুলি একটি সক্রিয় ভূমিকা রাখবে সেটিই প্রত্যাশিত। সামাজিক-মানসিক শিক্ষণে একটি স্কুল প্রোগ্রামের বাধ্যতামূলক প্রাথমিক উপাদান হবে সকল শিক্ষার্থীর জন্য সর্বজনীন সুরক্ষা। কার্যকর সামাজিক আবেগজনিত শিক্ষা শিক্ষার্থীদেরকে নিম্নলিখিত বিষয়গুলোসহ জীবনযাপনে প্রয়োজনীয় মৌলিক দক্ষতাসমূহ শেখায় সহায়তা দেয়:

- আবেগজনিত অনুভূতি শনাক্তকরণ এবং ব্যবস্থাগ্রহণ
- যত্নশীলতা তৈরি এবং অন্যদের ব্যাপারে উদ্বেগ প্রকাশ
- ইতিবাচক সম্পর্ক গড়ে তোলা
- দায়িত্বশীল সিদ্ধান্ত গ্রহণ
- গঠনমূলক এবং নৈতিকভাবে চ্যালেঞ্জিং পরিস্থিতি মোকাবেলা




শিক্ষার্থীরা যখন এইসব দক্ষতা গড়ে তোলে, তখন সতীর্থদের সাথে তাদের সম্পর্কে আরও ইতিবাচক অভিজ্ঞতা হয়, সামাজিক আচরণে তারা আরও গঠনমূলক সংশ্লিষ্ট হয় এবং অসদাচরণে জড়িয়ে পড়ার সম্ভাবনা কমে আসে।

যথাযথ সহায়তা প্রদানের সুযোগ আছে এবং স্কুলটি গঠনমূলক নিয়মশৃঙ্খলা বাস্তবায়ন করছে, সেটা নিশ্চিত করার জন্য একটি বহুস্তর-বিশিষ্ট সহায়তা ব্যবস্থা (MTSS) প্রতিষ্ঠা করা গুরুত্বপূর্ণ। MTSS একটি সামগ্রীক ব্যবস্থা যা সকল শিক্ষার্থীদের পরীক্ষা করে এবং প্রয়োজন অনুযায়ী লক্ষ্যাভিমুখী হস্তক্ষেপ প্রদান করে। এ সহায়তার লক্ষ্য হলো নমনীয়তা ও সমাজমুখী দক্ষতা বৃদ্ধি করা যা ক্লাসরুমে ও সর্বত্র শিক্ষার্থীদের সাফল্যকে জোরদার করতে প্রয়োজন।

শিক্ষণে ব্যাঘাত ঘটায় এমন অনুপযুক্ত শিক্ষার্থী আচরণে ব্যবস্থা গ্রহণের দায়িত্বও স্কুল কর্মী সদস্যগণের। প্রশাসক, শিক্ষকমণ্ডলী, কাউন্সিলর এবং অন্যান্য স্কুল কর্মচারীগণ প্রতিবন্ধী শিক্ষার্থীসহ সকল শিক্ষার্থীকে হস্তক্ষেপ ও নিরোধ কৌশলের সাথে সংশ্লিষ্ট করবেন এবং কৌশলসমূহ নিয়ে শিক্ষার্থী ও পিতামাতাদের সাথে আলোচনা করবেন সেটিই প্রত্যাশিত। আচরণগত সমস্যা বৃদ্ধি রোধ ও হস্তক্ষেপ সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-411 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

যদি, কখনও স্কুল কর্মকর্তাগণ মনে করেন যে কোন শিক্ষার্থীর সমস্যার কারণ তার প্রতিবন্ধিতা যার জন্য তার স্পেশাল এডুকেশন সার্ভিস প্রয়োজন, তাহলে শিক্ষার্থীকে অবিলম্বে কমিটি অন স্পেশাল এডুকেশনে (CSE; https://www.schools.nyc.gov/special-education/help/committees-on-special-education)-এ সুপারিশ করা উচিত। প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের বাড়তি সুরক্ষার জন্য 21–22 পৃষ্ঠাও দেখুন।

ইতিবাচক স্কুল সংস্কৃতি গড়ে তুলতে শিক্ষার্থী সংশ্লিষ্টতা একটি অবিচ্ছেদ্য অংশ যা শিক্ষার্থীদের সামাজিক-মানসিক বেড়ে ওঠা এবং অ্যাকাডেমিক অর্জনকে এগিয়ে নেয়। শিক্ষার্থীদের বহুবিধ গঠনমূলক সামাজিক কর্মকাণ্ডে অংশগ্রহণের সুযোগ প্রদান এবং একই সাথে যত্নশীল বন্ধনে আবদ্ধ করে, সহায়তাপ্রদানকারী প্রাপ্তবয়স্কগণ নেতিবাচক আচরণ প্রতিরোধ করতে পারেন। এর কিছু উদাহরণের মধ্যে আছে:

- চিন্তা-ভাবনা এবং উদ্বেগ শেয়ার করায় অর্থবহ সুযোগ এবং স্কুলভিত্তিক প্রচেষ্টায় অংশগ্রহণ (যেমন, স্টুডেন্ট গভর্নমেন্ট, নিয়মিত অনুষ্ঠিত শিক্ষার্থী ফোরাম; স্কুলভিত্তিক কমিউনিটি পরিষেবা প্রজেক্ট, ইত্যাদি);
- শিক্ষার্থী নেতৃত্ব গড়ে তোলা;
- আফটারস্কুল সহ-পাঠ্যক্রম কর্মকাণ্ড (যেমন, স্টুডেন্ট ক্লাব, এর অন্তর্ভুক্ত খেলাধুলা সম্পর্কিত ক্লাব ও টিম; পরিষেবা প্রতিষ্ঠান, ইত্যাদি);
- বিভিন্ন অ্যাকাডেমিক এবং সহ-পাঠ্যক্রম বিষয়ে শিক্ষার্থীদের সাফল্যের পর্যায়ক্রমিক স্বীকৃতি;

এ ধরনের সুযোগ, এবং এর সাথে নিরোধ ও হস্তক্ষেপ সহায়তার একটি সামগ্রিক গাইডেন্স কর্মসূচি যুক্ত করে, শিক্ষার্থীদের অভিজ্ঞতা, কৌশল ও দক্ষতা, এবং বেড়ে উঠার জন্য যে সহায়তা প্রদান আবশ্যিক।

শুরুতে ফিরে যান

# K–12 পিতামাতার অধিকার এবং দায়বদ্ধতার বিল

দ্রষ্টব্য: K–12 পিতামাতার অধিকার এবং দায়বদ্ধতার বিল অনলাইনে https://www.schools.nyc.gov/StudentRights ওয়েবপেজে পোস্ট করা আছে।

## সূচনা

নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলগুলো চায় শিক্ষার্থী, পিতামাতা এবং স্কুলকর্মীদের মধ্যে একটি পারস্পরিক মর্যাদাবোধের চর্চা হোক। স্কুল কম্যুনিটির ভিতরে এবং বাইরে শিক্ষার্থীদেরকে বিভিন্ন কর্মকাণ্ড এবং কর্মসূচিতে সম্পৃক্তকরণও সিটি স্কুলগুলোর লক্ষ্য, যা নাগরিক দায়িত্ব এবং কম্যুনিটি পরিষেবার উপর জোর দেয়। আমাদের স্কুল কম্যুনিটির সকল সদস্যের সহযোগিতায়, সমৃদ্ধ শিক্ষণ অভিজ্ঞতা উপভোগের পাশাপাশি শিক্ষার্থীরা শিক্ষায় শ্রেষ্ঠত্ব অর্জন করবে সেটিই প্রত্যাশিত। বৈচিত্রপূর্ণ সমাজে ফলপ্রসু নাগরিক হতে যখন শিক্ষার্থীরা সচেষ্ট তখন এই নথিটি তাদের জন্য একটি নির্দেশিকা হিশেবে কাজ করবে।

## I. পাবলিক স্কুলে ফ্রি শিক্ষালাভের অধিকার

পাবলিক স্কুলে ফ্রি শিক্ষালাভের অধিকার সকল শিক্ষার্থীর জন্য একটি নিশ্চয়তাযুক্ত মৌলিক "শিক্ষার্থী অধিকার"। শিক্ষার্থীদের অধিকার আছে:

1. আইন অনুযায়ী শিক্ষার্থীর কিন্ডারগার্টেন থেকে 21 বছর বয়স পর্যন্ত স্কুলে পড়া এবং ফ্রি পাবলিক স্কুল শিক্ষা গ্রহণ অথবা হাই স্কুল ডিপ্লোমা অর্জনের, যেটিই প্রথমে আসুক, অধিকার রয়েছে; যেসকল শিক্ষার্থী বহুভাষা শিক্ষার্থীর যোগ্যতা লাভ করেছে তাদের দ্বিভাষী শিক্ষা অথবা দ্বিতীয় ভাষা হিশেবে ইংরেজির কর্মসূচিতে অংশগ্রহণের আধিকার আছে যা আইন দ্বারা সংরক্ষিত; আইন অনুযায়ী 3 থেকে 21 বছর বয়স পর্যন্ত সকল প্রতিবন্ধী শিক্ষার্থী যারা বিশেষ শিক্ষার চাহিদা আছে বলে শনাক্ত হয়েছে তাদের ফ্রি-তে উপযুক্ত পাবলিক স্কুল শিক্ষা লাভের অধিকার আছে;
2. শিক্ষার্থী সুরক্ষিত এবং সহায়ক শিক্ষণ পরিবেশ লাভ করবে, বৈষম্য, হয়রানি, বুলিইং এবং সংকীর্ণতামুক্ত অবস্থায় রেড়ে উঠবে, এবং যদি সে মনে করে যে, এ ধরনের কোন আচরণের সে একজন শিকার, সেক্ষেত্রে তার অভিযোগ দায়ের করার অধিকার থাকবে (চ্যান্সেলরের প্রবিধান A-830, A-831, A-832, A-420, এবং A-421 https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন);
3. তাদের প্রকৃত বা অনুমিত বয়স, জাতিগোষ্ঠী, বিশ্বাস, বর্ণ, লিঙ্গ, লৈঙ্গিক পরিচিতি (এর অন্তর্ভুক্ত আছে তাদের লৈঙ্গিক পরিচিতির সাথে সামঞ্জস্য রেখে বাথরুম ও লকার রুম ব্যবহার করা, এবং তাদের লৈঙ্গিক পরিচিতির সাথে সামঞ্জস্যপূর্ণ নামে ও সর্বনামে আখ্যায়িত হওয়া), লৈঙ্গিক অভিব্যক্তি, ধর্ম, জাতিগত উৎস, নাগরিকত্ব/অভিবাসনের অবস্থা (স্ট্যাটাস), ওজন, যৌন পছন্দ, শারীরিক এবং/অথবা মানসিক অবস্তা, প্রতিবন্ধিত্ব, বৈবাহিক অবস্থা, এবং রাজনৈতিক বিশ্বাস নির্বিশেষে অন্যদের কাছ থেকে সৌজন্য ও মর্যাদা লাভ কর;
4. স্কুল বছরের প্রথম দিকে অথবা স্কুলে ভর্তি হবার পর স্কুল বছর চলাকালে স্কুলের নীতিমালা এবং প্রক্রিয়াসমূহের লিখিত একটি কপি পাবে যার অন্তর্ভুক্ত আছে শিক্ষার্থীর শিক্ষণে সহায়তার জন্য সিটিভিত্তিক আচরণগত প্রত্যাশা (শৃঙ্খলাবিধিসহ; https://www.schools.nyc.gov/DCode) এবং নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অভ এডুকেশনের (NYCDOE) K–12 শিক্ষার্থীদের অধিকার এবং দায়বদ্ধতার বিল (https://www.schools.nyc.gov/StudentRights) লাভ করবেন;
5. কোর্স এবং পরীক্ষাসমূহসহ ডিপ্লোমার শর্ত সম্পর্কে এবং এসব শর্ত পূরণের জন্য লভ্য সহায়তার তথ্য অবহিত হবে;
6. বাধ্যতামূলক স্বাস্থ্যগত, জ্ঞানাত্মক এবং ভাষা বিষয়ক বাছাইয়ের পরীক্ষা সম্পর্কে অবগত হবে;
7. স্কুলে যেসব কোর্স এবং কর্মসূচি রয়েছে সেগুলি সম্পর্কে জানবে এবং ঐচ্ছিক কোর্স বাছাইয়ে মতামত প্রকাশের সুযোগ লাভ করবে;
8. পেশাগত শিক্ষা লাভ করবে;
9. স্কুল প্রদত্ত প্রত্যেক বিষয় এবং/অথবা কোর্সের গ্রেডিংয়ের মাপকাঠি সম্পর্কে জানবে এবং প্রতিষ্ঠিত মাপকাঠির ভিত্তিতে সম্পাদিত স্কুলের কাজের জন্য গ্রেড লাভ করবে;
10. শিক্ষা সংক্রান্ত অগ্রগতির কথা জানবে এবং অগ্রগতির আনুষ্ঠানিক ও অনানুষ্ঠানিক উভয় মূল্যায়নের পর্যায়বৃত্ত রিপোর্ট পাবে;
11. কোন গ্রেডে আবার থাকার আশংকা আছে কিনা অথবা কোন কোর্সে অকৃতকার্য হলে তা সময়সময়ে জানিয়ে দেয়া হবে;
12. কোন গ্রেডে পুনরায় থেকে গেলে অথবা ফেল গ্রেড পেলে সে ব্যাপারে যে আপিলের অধিকার আছে সেটি জানিয়ে দেয়া হবে;
13. স্কুল সিস্টেম কর্তৃক সংরক্ষিত শিক্ষার্থী রেকর্ড নিয়ন্ত্রণে গোপনীয়তা রক্ষা;
14. উচ্চ শিক্ষা প্রতিষ্ঠান এবং/অথবা মিলিটারি নিয়োগদাতাদের কাছে তাদের যোগাযোগের তথ্য প্রকাশ না করার অনুরোধ করা বা পিতামাতা কর্তৃক অনুরোধ জানান; (মিলিটারি সংস্থার কাছে কীভাবে শিক্ষার্থী তথ্য প্রকাশ করা হবে সেটি নির্ধারণে শিক্ষার্থী এবং পিতামাতার অধিকার সংরক্ষণ, যেসব স্কুল **আর্মড্ সার্ভিসেস ভোকেশনাল অ্যাপটিটিউড ব্যাটারি** (ASVAB) পরিচালনা করে, তারা মিলিটারি নিয়েগদাতাদের কাছে শিক্ষার্থী স্কোর প্রকাশ করবে না, যদি না উভয় পিতামাতা এবং শিক্ষার্থী তাদের লিখিত সম্মতি প্রদান করে।)
15. ব্যক্তিগত, সামাজিক, শিক্ষা-সংক্রান্ত, পেশাগত এবং বৃত্তিমূলক উন্নয়নের জন্য গাইডেন্স, কাউন্সেলিং এবং পরামর্শ লাভ।

## II. মতপ্রকাশ এবং ব্যক্তি স্বাধীনতার অধিকার

নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন কর্তৃক প্রতিষ্ঠিত নীতিমালা এবং পদ্ধতি অনুযায়ী সকল শিক্ষার্থীর মত প্রকাশ, কোন কাজে সহায়তা প্রদান, কোন বিষয়ে আলোচনার জন্য সংগঠিত বা সমবেত হওয়া এবং শান্তিপূর্ণ ও দায়িত্বশীলভাবে সেগুলির সমর্থনে বিক্ষোভ প্রদর্শনের অধিকার নিশ্চিত করা হয়েছে। শিক্ষার্থীদের অধিকার আছে:

1. প্রতিনিধিত্বশীল কাঠামোর স্টুডেন্ট গভর্নমেন্ট সংগঠিত করা, প্রসার করা ও তাতে অংশগ্রহণ করা;
2. শিক্ষার্থী সংগঠন, সামাজিক এবং শিক্ষা-সংক্রান্ত ক্লাব অথবা টিম গঠন, সেগুলির উন্নতি এবং তাতে অংশগ্রহণ এবং ইক্যুয়াল অ্যাকসেস অ্যাক্টের শর্ত অনুযায়ী রাজনৈতিক, ধর্মীয় ও দার্শনিক গ্রুপে যোগদান করা;
3. যথাযথ স্কুল-ভিত্তিক কমিটিসমূহে প্রতিনিধিত্ব করা যা প্রযোজ্য হলে ভোটদানের অধিকারসহ শিক্ষা প্রক্রিয়াকে প্রভাবিত করে;
4. দায়িত্বশীল সাংবাদিকতার পদ্ধতিসমূহের সাথে সমন্বিত এবং আইনসম্মত শিক্ষাবিষয়ক সমস্যা-নির্ভর যুক্তিসম্মত বিধান মেনে স্কুল জীবনকে প্রতিফলিত করে এবং শিক্ষার্থীদের উদ্বেগ ও মতামত প্রকাশের সুযোগ দেয় এমন স্কুল নিউজপেপার এবং স্কুল নিউজলেটার প্রকাশের সুযোগ;
5. স্কুল কর্তৃক প্রতিষ্ঠিত সময়, স্থান এবং বিতরণ পদ্ধতির যুক্তিসঙ্গত গাইডলাইন মেনে স্কুল এলাকার মধ্যে নিউজপেপার, সাহিত্য অথবা রাজনীতি বিষয়ক লিফলেট বিলির সুযোগ-এর অন্তর্ভুক্ত ইলেকট্রনিক মাধ্যমে প্রকাশিত সামগ্রীও এবং এসব সামগ্রী মানহানিকর, অশালীন, ব্যবসায়িক অথবা এমন হবে না যা স্কুলের কাজে ব্যাঘাত ঘটায়, উল্লেখযোগ্য নিয়মভঙ্গের কারণ হয় অথবা অন্যের অধিকারকে খর্ব করে;
6. কোন রাজনৈতিক অথবা অন্য ধরনের বাটন, ব্যাজ অথবা আর্মব্যান্ড পরার অধিকার যা মানহানিকর, অশ্লীল অথবা স্কুলের কাজে ব্যাঘাত ঘটায়, উল্লেখযোগ্য নিয়মভঙ্গের কারণ হয় অথবা অন্যের অধিকারকে খর্ব করে এমন নয়;
7. স্কুল কর্তৃক প্রতিষ্ঠিত যুক্তিসঙ্গত গাইডলাই মেনে স্কুলের ভিতরে অথবা স্কুল ওয়েবসাইটে বুলেটিন বোর্ড পোস্ট করা যা অবশ্যই মানহানিকর, অশ্লীল, ব্যবসায়িক অথবা এমন হবে না যা স্কুলের কাজে ব্যাঘাত ঘটায়, উল্লেখযোগ্য নিয়মভঙ্গের কারণ হয় অথবা অন্যের অধিকারকে খর্ব করে;
8. স্কুল ইউনিফর্ম বিষয়ে NYCDOE-এর নীতির মাপকাঠি মেনে এবং ধর্মীয় ভাবধারার সাথে সমন্বিত রেখে শিক্ষার্থীরা তাদের নিজস্ব পোশাক-আশাক বেছে নেয়ার সুযোগ পাবে কিন্তু তা অবশ্যই শিক্ষণ এবং শিক্ষাদান প্রক্রিয়ার জন্য বিপজ্জনক অথবা তাতে বিঘ্ন ঘটায় এমন হবে না;
9. তারা শারীরিকভাবে এবং তাদের সঙ্গে বহন-করা সামগ্রীর ব্যাপারে নিরাপদ থাকবে এবং সেগুলি স্কুল প্রাঙ্গণে ব্যবহারে উপযুক্ত যেকোন জিনিস স্কুল বিল্ডিংয়ে আনতে পারবে;
10. শরীর তল্লাশিসহ তারা যেকোন অযৌক্তিক অথবা বৈষম্যমূলক তল্লাশিমুক্ত থাকবে;
11. শারীরিক শাস্তি এবং বকাঝকামুক্ত থাকবে (চ্যান্সেলরের প্রবিধান A-420 এবং A-421; https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations অনুযায়ী);
12. আনুগত্যের শপথে অংশগ্রহণ অথবা শপথকালে দাঁড়াতে অস্বীকৃতি জানানোর অধিকার।

## III. ন্যায়বিচার লাভের অধিকার

এই নথিতে নির্ধারিত অধিকারসমূহ অনুযায়ী প্রত্যেক শিক্ষার্থীর ন্যায্য অধিকার আছে। শিক্ষার্থীদের অধিকার আছে:

1. স্কুলের শৃঙ্খলা বিধি (https://www.schools.nyc.gov/DCode) এবং প্রবিধান লাভ করার;
2. কোনটি যথাযথ আচরণ এবং কোন্ ধরনের আচরণের ফলে শাস্তিবিধানমূলক পদক্ষেপের ব্যবস্থা নেয়া হতে পারে, সেটি জানার;
3. তাদের আচরণগত ব্যাপারে পেশাজীবী কর্মী সদস্য কর্তৃক পরামর্শ লাভের যেহেতু তা স্কুলে তাদের শিক্ষা এবং সমৃদ্ধিকে ব্যাহত করে;
4. নির্দিষ্ট অপরাধের জন্য সম্ভাব্য কী ব্যবস্থা বা ফল হতে পারে তা জানার;
5. স্কুল নিয়ম-কানুন ভঙ্গের অভিযোগে শাস্তিবিধানমূলক ব্যবস্থার ফলে যেমন তাদের শিক্ষক কর্তৃক ক্লাস থেকে সাসপেন্ড অথবা অপসারণের ক্ষেত্রে আইনানুগ প্রক্রিয়া অনুসরণের অধিকার; প্রতিবন্ধী শিক্ষার্থী অথবা যাদের "প্রতিবন্ধিতা আছে বলে ধরা হয়েছে", তাদের ইনডিভিজুয়ালস উইথ ডিসঅ্যাবিলিটিস এডুকেশন অ্যাক্ট (IDEA) অনুযায়ী সুরক্ষা লাভের অধিকার;
6. স্কুল নিয়ম-কানুন ভঙ্গের অভিযোগে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণে যেমন তাদের শিক্ষক কর্তৃক ক্লাস থেকে সাসপেন্ড অথবা অপসারণের ক্ষেত্রে আইনানুগ প্রক্রিয়া অনুসরণের অধিকার; প্রতিবন্ধী শিক্ষার্থী, 504 পরিকল্পনা, যাদের "প্রতিবন্ধিতা আছে বলে ধরা হয়েছে" তাদের আইডিইএ-র আইন অনুযায়ী সুরক্ষার অধিকার।
7. এই নথিতে বর্ণিত তদের অধিকার এবং দায়িত্ব অনুযায়ী স্কুল কর্তৃপক্ষের গৃহীত ব্যবস্থা এবং সিদ্ধান্তের বিরুদ্ধে আপিল প্রক্রিয়া সম্পর্কে জানা;
8. কোন কনফারেন্স অথবা শুনানিতে পিতামাতা এবং/অথবা প্রতিনিধি সঙ্গে আনার অধিকার;
9. যেসকল পরিস্থিতিতে পুলিশ সংশ্লিষ্ট হয়েছে সেখানে স্কুল কর্মীদের উপস্থিত রাখা।

## IV. 18 এবং তার অধিক বয়সের শিক্ষার্থীদের বাড়তি অধিকার

ফেডারেল ফ্যামিলি এডুকেশনাল রাইটস্ অ্যান্ড প্রিভেসি অ্যাক্ট("এফইআরপিএ") যেসকল শিক্ষার্থীর বয়স ১৮ বছর তাদেরকে শিক্ষা রেকর্ড সম্পর্কিত বিষয়ে কিছু বিশেষ অধিকার প্রদান করে।

চ্যান্সেলরের প্রবিধান A-820চ্যান্সেলরের প্রবিধান A-820 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations)-এর বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী 18 এবং তার অধিক বয়সী শিক্ষার্থীদের তাদের নিজস্ব শিক্ষা রেকর্ড দেখার অনুরোধ জানানো, বা তা দেখার, এবং পর্যালোচনা করার অধিকার আছে এবং সেটি নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অব এডুকেশন (NYCDOE)-কে শিক্ষার্থীর অনুরোধ পাবার 45 দিনের মধ্যে করতে হবে।

চ্যান্সেলরের প্রবিধান A-820 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations)-এ বর্ণিত প্রক্রিয়া অনুযায়ী, 18 এবং তার অধিক বয়সী শিক্ষার্থীদের যদি তারা মনে করে তাদের নিজস্ব শিক্ষা রেকর্ডে ভুল আছে, বা তা বিভ্রান্তিকর, অথবা সেটি FERPA অনুযায়ী তাদের গোপনীতার অধিকারের লঙ্ঘন, সেক্ষেত্রে সেটি পরিবর্তনের অনুরোধ জানানোর অধিকার আছে।

18 এবং তার অধিক বয়সী শিক্ষার্থীদের তাদের নিজস্ব শিক্ষা রেকর্ডে শনাক্তযোগ্য যেসব ব্যক্তিগত তথ্য আছে সেগুলি প্রকাশে সম্মতিদানের অধিকার আছে, এর ব্যতিক্রম কিছু নির্দিষ্ট ক্ষেত্র যখন FERPA সম্মতি ছাড়াই তা প্রকাশের অনুমতি প্রদান করে, এর অন্তর্ভুক্ত:

- কোন স্কুল কর্তৃপক্ষের কাছে শিক্ষা রেকর্ড প্রকাশের অধিকার যা তিনি তার পেশাগত দায়িত্ব পালনের জন্য প্রয়োজনীয় মনে করেন। স্কুল কর্তৃপক্ষের মধ্যে অন্তর্ভুক্ত আছে NYCDOE-তে চাকরিরত ব্যক্তিবর্গ (যেমন প্রশাসক, শিক্ষক, অন্যান্য ইনস্ট্রাক্টর, অথবা সহায়ক কর্মী সদস্য), এছাড়া NYCDOE-এর নিয়োজিত এমন সব ব্যক্তি যাদেরকে পরিষেবাদান অথবা কাজের জন্য ডিপার্টমেন্ট নিয়োজিত করেছে যা অন্যথায় ডিপার্টমেন্ট তার নিজস্ব কর্মী দ্বারা করাতো (যেমন এজেন্ট, কন্ট্রাক্টর এবং কনসালট্যান্ট), এবং এডুকেশন রেকর্ডে ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য ব্যবহার এবং রক্ষণাবেক্ষণে NYCDOE-এর যেসব ব্যক্তি সরাসরি জড়িত।

- অনুরোধক্রমে, অন্য স্কুল ডিস্ট্রিক্টের কর্তৃপক্ষের কাছে রেকর্ড প্রকাশের অধিকার যেখানে শিক্ষার্থী ভর্তি হবার চেষ্টা করছে, ভর্তির পরিকল্পনা করছে, অথবা ইতোমধ্যে ভর্তি হয়েছে এবং যদি প্রকাশের অধিকারের উদ্দেশ্য শিক্ষার্থীর ভর্তি অথবা বদলির জন্য হয়।

- অন্যান্য ব্যতিক্রমসমূহ যা ব্যক্তিগত সনাক্তকারী তথ্য অনুমতি ব্যতিরেকে প্রকাশের অনুমোদন দেয়, সেগুলোর মধ্যে নির্দিষ্ট কিছু ধরন হলো:

  1. সরকারি প্রতিষ্ঠানের অনুমোদিত প্রতিনিধিদের এবং অডিট, মূল্যায়ন, কিংবা অন্যান্য নির্দিষ্ট কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের কাছে;
  2. শিক্ষার্থী আবেদন করেছে বা অর্জন করেছে, এমন কোন ফাইন্যানশিয়াল এইড-এর সাথে সম্পর্কযুক্ত বিষয়ে;
  3. NYCDOE-এর জন্য বা পক্ষে কোন গবেষণা পরিচালনকারী প্রতিষ্ঠানের কাছে;
  4. কৃতিত্বের স্বীকৃতি প্রদানকারী প্রতিষ্ঠানের কাছে যাতে তারা স্বীকৃতি প্রদানমূলক কাজ পরিচালনা করতে পারে;
  5. 18 এবং অধিক বয়স্ক শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে যদি শিক্ষার্থী ইন্টারন্যাল রেভিনিউ সার্ভিস (IRS)-এর কাছে ট্যাক্স-সংক্রান্ত দিক দিয়ে নির্ভরশীল হয়;
  6. আদালতের হুকুম বা আইনি সপিনা প্রতিপালন করতে;
  7. জরুরি স্বাস্থ্য ও নিরাপত্তার সাথে সংযুক্ত উপযুক্ত কর্মকর্তার কাছে; এবং
  8. "নির্দেশিকা তথ্য" হিসেবে NYCDOE শ্রেণিভুক্ত করেছে যেসব তথ্যকে। এই ধরনের অধিকাংশ প্রকাশের জন্য নির্দিষ্ট বাড়তি কোন শর্ত এবং সীমাবদ্ধতা আছে। এগুলি সম্পর্কিত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে FERPA এবং চ্যান্সেলরের প্রবিধান A-820 দেখুন। (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

এফইআরপিএ-র শর্ত অনুযায়ী স্কুলগুলো কর্তৃক সংরক্ষিত এসব ব্যক্তিগত শনাক্তযোগ্য তথ্য সম্মতি ছাড়া প্রকাশের সময় ১৮ এবং তার অধিক বয়সী শিক্ষার্থীদের এইসব প্রকাশের রেকর্ড দেখা এবং পর্যালোচনার অধিকার আছে। এছাড়া, স্কুল কর্তৃপক্ষের কাছে প্রকাশ, কোন বিচারিক নির্দেশ মানা অথবা আইনসিদ্ধ সমন জারি সম্পর্কিত প্রকাশ, নির্দেশিকা তথ্যের জন্য প্রকাশ, এবং পিতামাতার কাছে প্রকাশ অথবা ১৮ এবং তার অধিক বয়সী শিক্ষার্থীর কাছে প্রকাশের জন্য স্কুলগুলোর রেকর্ড রাখার কোন বাধ্যবাধকতা নাই।

NYCDOE FERPA-এর শর্ত মানতে ব্যর্থ হয়েছে এমন বোধ হলে 18 এবং তার অধিক বয়সী শিক্ষার্থীদের US ডিপার্টমেন্ট অব এডুকেশনের কাছে অভিযোগ দায়েরের অধিকার আছে। যে অফিসটি FERPA পরিচালনা করে তার নাম এবং ঠিকানা:

Family Policy Compliance Office (ফ্যামিলি পলিসি কমপ্লায়েন্স অফিস)
NYC ডিপার্টমেন্ট অভ এডুকেশন
400 Maryland Avenue, SW
Washington, DC 20202-5920
ফোন: 1-800-USA-LEARN (1-800-872-5327)

## V. শিক্ষার্থীর দায়িত্ব

প্রতিটি শিক্ষার্থীর কাছ থেকে দায়িত্বশীল আচরণ এ নথির অন্তর্ভুক্ত সকল অধিকারের ব্যাপারে সহায়তা দেয়। এইসব দায়িত্বের কোন কোনটির লঙ্ঘন শৃঙ্খলা বিধি (https://www.schools.nyc.gov/DCode) অনুযায়ী, শাস্তিমূলক ব্যবস্থার পরিস্থিতি সৃষ্টি করতে পারে। অধিকার প্রয়োগের পাশাপাশি পূর্ণ দায়িত্বগ্রহণ শিক্ষার্থীগণকে নিজেদেরকে এবং সমাজকে পরিষেবাদানের আরও বৃহত্তর সুযোগ দেবে। শিক্ষার্থীদের দায়িত্ব হলো:

1. নিয়মিত এবং সময়-মেনে স্কুলে উপস্থিত থাকা এবং তাদের শিক্ষা বিষয়ের সকল অংশে সাফল্য অর্জনের প্রচেষ্টা করার;
2. যথাযথ উপকরণসহ ক্লাসের জন্য প্রস্তুত থাকা এবং সঠিকভাবে টেক্সবুক ও অন্য স্কুল সামগ্রী সংরক্ষণের;
3. ক্লাস এবং স্কুল বিল্ডিংয়ে প্রবেশ এবং বেরিয়ে যাবার সময় স্কুলে নিয়ম-কানুন অনুসরণ;
4. অস্ত্র, বেআইনি মাদকদ্রব্য, নিয়ন্ত্রিত দ্রব্য এবং অ্যালকোহল মুক্ত স্কুল পরিবেশ রক্ষায় সহায়তাদনের;
5. নিরাপদ শিক্ষণ পরিবেশ বজায় থাকে এবং শিক্ষণে অন্য শিক্ষার্থীর অধিকার লঙ্ঘিত না হয়, এমন আচরণ করার;
6. স্কুল কম্যুনিটির সদস্যদের স্বাস্থ্য এবং কল্যাণকে বিপজ্জনক করে তোলে, এমন বিষয় সম্পর্কে স্কুল কর্মকর্তাদের সাথে তথ্য বিনিময়ের;
7. অন্যদের মর্যাদা এবং সমতার প্রতি শ্রদ্ধাশীল হওয়া এবং অন্যের অধিকারকে ক্ষুন্ন অথবা খর্ব করে এমন আচরণ থেকে বিরত থাকা;
8. স্কুল সম্পত্তির প্রতি শ্রদ্ধা প্রদর্শন এবং অন্যের সামগ্রীর প্রতি শ্রদ্ধাশীল থাকা, তা সেগুলো প্রাইভেট বা পাবলিক সম্পত্তি যাই হোক না কেন;
9. প্রকৃত অথবা অনুমিত বয়স, জাতি, ধর্মীয় পরিচয়, বর্ণ, লিঙ্গ, লিঙ্গগত পরিচয়, লিঙ্গগত প্রকাশভঙ্গি, ধর্ম, জাতীয় সূত্র, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ওজন, যৌন অগ্রাধিকার, শারীরিক এবং/অথবা মানসিক অবস্থা, প্রতিবন্ধিতা, বৈবাহিক অবস্থা এবং রাজনৈতিক বিশ্বাস বিবেচনায় না নিয়ে অন্যদের প্রতি শিষ্টাচারসম্মত আচরণ করবে এবং শ্রদ্ধাশীল থাকবে, এবং এইসব মাপকাঠির ভিত্তিতে কোন কটাক্ষ থেকে বিরত থাকবে;
10. শিক্ষার্থী এবং স্কুল কর্মীদের প্রতি সৌজন্যমূলক, বিশ্বস্ততা এবং সহযোগিতার আচরণ দেখাবে;
11. সুন্দর মানবিক সম্পর্ক উন্নয়ন এবং স্কুল কম্যুনিটির সদস্যদের মধ্যে সহমর্মিতার সেতু গড়ে তোলা;
12. দ্বন্দ্ব নিরসনে অসাংঘর্ষিক পদ্ধতির ব্যবহার করা;
13. স্টুডেন্ট গভর্নমেন্ট নির্বাচনে অংশগ্রহণ এবং ভোটদান;
14. সর্বোচ্চ সংশ্লিষ্টতা উৎসাহিত করতে স্টুডেন্ট গভর্নমেন্টকে একটি অর্থবহ আলোচনা-সভাস্থল করে ইতিবাচক নেতৃত্ব দান;
15. শারীরিক, সামাজিক এবং সাংস্কৃতিক আগ্রহ মেটায় এবং শিক্ষার্থীদের চাহিদা পূরণ করে এমন প্রসারিত পাঠ্যক্রম বর্হিভূত কর্মসূচি তৈরি করে স্কুল কর্মীদের কাজ করা;
16. দায়িত্বশীল সাংবাদিকতার নৈতিক বিধান মেনে চলা;
17. স্পিচ, রাইটিং, এবং প্রকাশের অন্য উপায়গুলিতে অশ্লীল এবং মানহানিকর যোগাযোগ থেকে বিরত থাকা - এবং এর মধ্যে আছে ইলেকট্রনিক যোগাযোগ, স্কুল কম্যুনিটির সাথে তাদের পারস্পরিক আদান-প্রদান;
18. কথা বলায়, লিখায় এবং প্রকাশের অন্য মাধ্যমগুলিতে নিজেদেরকে প্রকাশ করা যার অন্তর্ভুক্ত ইলেক্ট্রনিক মাধ্যম যা সহযোগিতা বৃদ্ধি করে এবং শিক্ষা প্রক্রিয়ায় কোন ব্যাঘাত ঘটায় না;
19. শান্তিপূর্ণভাবে সমবেত হবার এবং অন্য যেসব শিক্ষার্থী অংশগ্রহণ করতে চায় না তাদের সিদ্ধান্তের প্রতি সম্মান প্রদর্শন;
20. শুধু নিরাপদ ব্যক্তিগত সামগ্রী স্কুলে আনার অধিকার এবং যা শিক্ষণে ব্যাঘাত সৃষ্টি করে না;
21. স্কুল জিমনেসিয়াম, শরীর চর্চার ক্লাস, ল্যাবোরেটরি এবং ওয়ার্কশপে ব্যবহারের জন্য পোশাক এবং কর্মকাণ্ডের যে প্রতিষ্ঠিত গাইডলাইন আছে তা অনুসরণ করার;
22. স্কুলের শৃঙ্খলা বিধির (https://www.schools.nyc.gov/DCode) সাথে পরিচিত হওয়ার এবং স্কুলের নিয়ম-কানুন এবং বিধি-বিধান মেনে চলার;
23. প্রতিষ্ঠিত স্কুল নীতিমালা এবং নিয়ম-কানুন মেনে চলায় সহ-শিক্ষার্থীদেরকে উৎসাহদানে নেতৃত্ব প্রদান;
24. স্কুল-সম্পর্কিত ব্যাপারে পিতামাতাদের সজ্ঞাত রাখা, এর মধ্যে আছে স্কুলে শিক্ষার্থীর অগ্রগতি, সামাজিক ও শিক্ষা বিষয়ক অনুষ্ঠান, এবং পিতামাতাদের কাছে পৌঁছুনোর জন্য স্কুল কর্মীগণ শিক্ষার্থীদের হাতে যেসব চিঠিপত্র দেন সেগুলো যে তারা পেয়েছেন সেবিষয়টি নিশ্চিতকরণ।

শুরুতে ফিরে যান

## অগ্রগামী সহায়তার ধাপ এবং শৃঙ্খলাজনিত ব্যবস্থা

নিচে প্রদত্ত সহায়তা এবং শৃঙ্খলার জন্য গৃহীত ব্যবস্থার ধাপ অনুপযুক্ত আচরণের একটি প্রগতিশীল প্রক্রিয়া প্রদর্শন করে। শিক্ষার্থী অসদাচরণের প্রতিটি ঘটনা অবশ্যই ভিন্ন ভিন্নভাবে মোকাবেলা করতে হবে। সকল ক্ষেত্রে, উপযুক্ত হস্তক্ষেপ এবং শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ বাস্তবায়নে অবশ্যই বিভিন্ন বিষয় বিবেচনায় নিতে হবে- এর অন্তর্ভুক্ত অসদাচরণের প্রকৃতি এবং তা কতটা গুরুতর সেবিষয়টি। কিছু কিছু ঘটনায় স্কুলের অভ্যন্তরীন শৃঙ্খলাজনিত ব্যবস্থাগ্রহণের বদলে বা অনুসঙ্গী পদক্ষেপ হিসেবে শিক্ষার্থী সহায়তা ও হস্তক্ষেপকে ব্যবহার করা যেতে পারে। অন্য ক্ষেত্রে, কোন শিক্ষার্থীর অসদাচরণের জন্য সহায়তা ও হস্তক্ষেপের সাথে সাথে একটি নিবিষ্ট বা উল্লেখযোগ্য শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থাগ্রহণ আবশ্যিক কিংবা সবচেয়ে যথাযথ হতে পারে।

1. **অসদাচরণে সহবর্তী সহায়তা এবং শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ**
   যখন কোন শিক্ষার্থী অসদাচরণে সম্পৃক্ত হয়, তখন প্রযুক্ত হলে শৃঙ্খলাজনিত ব্যবস্থার সাথে সাথে তার অনুপযুক্ত আচরণ সমস্যা সমাধানে এবং/অথবা অন্তর্নিহিত চাহিদা পূরণের জন্য তাকে সহায়তাও প্রদান করা হয়। এর লক্ষ্য তার সামাজিক-মানসিক বেড়ে ওঠায় এবং সমাজমুখী আচরণ গড়ে তোলায় যত্নবান হওয়া এবং ভবিষ্যত অসদাচরণ নিবৃত্তি।

2. **সকল শিক্ষার্থীর জন্য সর্বজনীন প্রতিকার**
   ইতিবাচক শিক্ষার্থী আচরণ বৃদ্ধি করতে স্কুল একটি সামগ্রিক স্কুল পদ্ধতি গ্রহণ করে। পাঠ্যক্রমে সামাজিক-আবেগজনিত শিক্ষণ অন্তর্ভুক্ত করা হয়েছে। একটি সামগ্রিক শিক্ষার্থী সহায়তার কর্মসূচি কার্যকর আছে সে বিষয়টি নিশ্চিত করতে স্কুলের স্টাফগণ নিয়মিত মিলিত হন, এর অন্তর্ভুক্ত কাউন্সেলিং পরিষেবা, গাইডেন্স, সামাজিক-আবেগজনিত শিক্ষণ, শিক্ষার্থী সংশ্লিষ্টতার সুযোগ, এবং প্রতিরোধ এবং মধ্যস্থতার আচরণগত সহায়তা যাতে সমাজমুখী শিক্ষার্থী আচরণ উৎসাহিত এবং গড়ে তোলা যায়, দৃঢ়তা বৃদ্ধি পায়, এবং স্কুল কম্যুনিটির প্রতি শিক্ষার্থীদের ইতিবাচক সংযোগ গড়ে ওঠে। যেসকল শিক্ষার্থীর হস্তক্ষেপ এবং/অথবা সহায়তার চাহিদা আছে তাদেরকে প্রথম অবস্থায় শনাক্তকরণের লক্ষ্যে স্কুলের একটি প্রচলিত সিস্টেম রয়েছে।

3. **প্রাথমিক সমাধান(সমূহ)**
   যখন কোন শিক্ষার্থী সমস্যায় পড়ে অথবা অনুপযুক্ত আচরণে সম্পৃক্ত হয় শিক্ষক পিতামাতার সাথে যোগাযোগ করেন, এবং আচরণের ধরন এবং সেটি কতটা গুরুতর এবং শিক্ষার্থীর বয়স ও তার পরিপক্কতার স্তর - এসব বুঝে শিক্ষক নিচের উল্লিখিত পদক্ষেপসমূহের এক বা একাধিকটি নেন: শিক্ষার্থীর সাথে কনফারেন্স করেন; শিক্ষার্থীকে স্কুল কাউন্সেলর, পিউপল পার্সোন্যাল টিম (PPT)-এর কাছে, এবং/অথবা ডিনের অফিসে প্রেরণ করেন।

4. **সহায়তা এবং বিকল্প হস্তক্ষেপসমূহ (13–15 দেখুন)**
   বর্ণানুক্রমে:
   a. সহযোগিতামূলক সমস্যা সমাধান
   b. কমিউনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
   c. দ্বন্দ্ব নিরসন
   d. ব্যক্তিক আচরণ চুক্তি প্রণয়ন
   e. ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট (FBA)/বিহেভিয়রাল ইন্টার্ভেনশন প্ল্যান (BIP) (22 নং পৃষ্ঠা দেখুন)
   f. গাইডেন্স কনফারেন্স
   g. হেলথ্ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা)
   h. একক/গ্রুপ কাউন্সেলিং
   i. ইনডিভিজ্যুয়ালাইজড সাপোর্ট প্ল্যান (ISP)
   j. কাউন্সেলিং স্টাফ দ্বারা হস্তক্ষেপ
   k. মেন্টরিং
   l. পিতামাতার সাথে যোগাযোগ
   m. ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ ও সহায়তা
   n. মাদকদ্রব্য অপব্যবহারে যথাযথ কাউন্সেলিং পরিষেবা
   o. কমিউনিটি ভিত্তিক সংগঠনের (কমিউনিটি বেইজড্ অরগ্যানাইজেশন, CBO) কাছে রেফারেল
   p. পক্ষপাতিত্বমূলক বুলিইং, ভীতি-প্রদর্শন, অথবা হয়রানিসহ বুলিইং, ভীতি-প্রদর্শন, অথবা হয়রানির কারণে কাউন্সেলিং পরিষেবায় রেফারাল
   q. যুব সম্পর্ক বা রিলেশনশীপে অবমাননা অথবা যৌন সহিংসতাজনিত কারণে কাউন্সেলিং পরিষেবায় রেফারেল
   r. মানসিক স্বাস্থ্য সহায়তা পরিষেবায় রেফারেল

s. পিউপিল পার্সোনেল টিমে (PPT) রেফারেল
t. মাদকদ্রব্য অপব্যবহার প্রতিরোধ ও হস্তক্ষেপ বিশেষজ্ঞ (সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন অ্যান্ড ইন্টারভেনশন স্পেশালিস্ট, SAPIS) প্রোগ্রামে রেফারেল
u. সংশোধনমূলক অনুশীলনী (16–17 নং পৃষ্ঠায় দেখুন)
v. স্বল্প মেয়াদি আচরণগত অগ্রগতির রিপোর্ট
w. সামাজিক আবেগজনিত শিক্ষণ

সুপারিনটেনডেন্টের সাসপেনশনে আছে এমন শিক্ষার্থীদের জন্য, বিকল্প শিক্ষা প্রতিষ্ঠানের সাইটে শিক্ষার্থীদের সহায়তাসমূহ প্রদান করা হয়। সেসব সাইট এবং শিক্ষার্থীর নিজস্ব স্কুলের সাথে যোগাযোগ প্রতিষ্ঠা করে তার অ্যাকাডেমিক এবং স্কুলে ফিরে আসার সফল উত্তরণ নিশ্চিত করা হয়।

**5. শৃঙ্খলাজনিত ব্যবস্থার বিভিন্ন বিকল্প**

- **স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণের পরিসর**
  a. অসদাচরণ সমস্যা এবং তার প্রভাব মোকাবেলার জন্য পেডাগজিক্যাল (শিক্ষায় নির্দেশনায় জড়িত) স্কুল কর্মীদের শিক্ষার্থীর সাথে মিটিং
  b. স্টুডেন্ট/টিচার কনফারেন্স
  c. যথাযথ অসদাচরণ সমস্যা সমাধান এবং এর প্রভাব বুঝতে, সুপারভাইজার কর্তৃক আয়োজিত শিক্ষার্থীর সাথে প্রাতিষ্ঠানিক মিটিং (যেমন, অ্যাসিসট্যান্ট প্রিন্সিপ্যাল, প্রিন্সিপ্যাল)
  d. প্যারেন্ট কনফারেন্স
  e. স্কুলের ভিতরে গৃহীত অন্যান্য শৃঙ্খলাজনিত ব্যবস্থা (যেমন প্রাতিষ্ঠানিক সংশোধন বৈঠক, পাঠ্যক্রম-বর্হিভূত কর্মকাণ্ড অথবা কম্যুনাল লাঞ্চটাইম থেকে বাদ দেয়া)
- **শিক্ষক অপসারণ অথবা প্রিন্সিপ্যালের সাসপেনশন (21–23 নং পৃষ্ঠায় দেখুন))**
  f. শিক্ষক কর্তৃক ক্লাসরুম থেকে অপসারণ
  g. প্রিন্সিপ্যালের সাসপেনশন (5 স্কুল দিবস পর্যন্ত)
- **সুপারিনটেনডেন্টের সাসপেনশন (24–25 নং পৃষ্ঠায় দেখুন)**
  h. অবিলম্বে পুনর্বহাল
  i. 6-10 স্কুল দিবস
  j. 11-15 স্কুল দিবস
  k. 16–20 স্কুল দিবস* (শুধু 4 ও 5 স্তরের বিধিভঙ্গের কারণে)

*20-এর চাইতে বেশি দিনের জন্য সুপারিনটেনডেন্টের সাসপেনশন দে ওয়া যেতে পারে শুধু যখন আইনি বাধ্যবাধকতা থাকে বা 5 স্তরের বিধিভঙ্গ ঘটে যাতে গুরুতর বিপজ্জনক বা সহিংস আচরণ সংঘটিত হয় যেখানে পরিস্থিতির প্রয়োজনে দীর্ঘতর সময়ের সাসপেনশন আবশ্যক হয়। 20 দিন স্কুল দিবসের বেশি সকল সাসপেনশনের ক্ষেত্রে অফিস অভ সেফটি এন্ড ইউথ ডেভেলপমেন্ট-এর সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর কিংবা চ্যান্সেলরের অন্য কোনো ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা কমিউনিটি সুপারিনটেনডেন্টের অনুমোদনের প্রয়োজন হবে। আরো তথ্যের জন্য পৃষ্ঠা 24-25 দেখুন।

শুরুতে ফিরে যান

## সহায়তা এবং হস্তক্ষেপ

কোন আচরণের একটি সামগ্রিক প্রতিবিধানের অবিচ্ছেদ্য অংশ হলো সহায়তা এবং মধ্যস্থতা। স্কুলগুলিকে অবশ্যই সাসপেনশন চলাকালেসহ, শৃঙ্খলাজনিত প্রক্রিয়ার সকল স্তরে বাধ্যতামূলকভাবে সহায়তা পরিষেবা প্রদান করতে ও প্রমাণ রাখতে হবে। যখন অনবরত এবং যথোপযুক্তভাবে ব্যবহৃত হয়, মধ্যস্থতা শিক্ষার্থী আচরণের উন্নতিতে সহায়ক ভূমিকা পালন করে, পৌন:পৌনিক অসদাচরণের ঘটনা হ্রাস করে এবং আরও ইতিবাচক স্কুল পরিবেশ তৈরিতে অবদান রাখে। সহায়তার অন্তর্ভুক্ত হতে পারে যেকোন হস্তক্ষেপ যা শিক্ষার্থীর চাহিদা সবচেয়ে ভালোভাবে পূরণ করে।

### আবশ্যিক প্রামাণ্য নথি

প্রযোজ্য হলে, কোন শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গৃহীত হলো কি না, সেটা বিবেচনা ছাড়াই সকল ঘটনা, হস্তক্ষেপ, এবং সহায়তার প্রমাণস্বরূপ অবশ্যই সংশ্লিষ্ট সকল পক্ষের জন্য অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেমে (OORS) অন্তর্ভুক্ত করতে হবে। ঘটনার রিপোর্ট করা সংক্রান্ত আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-412 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

সকল শৃঙ্খলাজনিত ব্যবস্থা অবশ্যই সাসপেনশন অ্যান্ড অফিস অভ হিয়ারিং অনলাইন (SOHO) সিস্টেমে রিপোর্ট করতে হবে। ঘটনার রিপোর্ট করা সংক্রান্ত আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-443 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

### সহায়তা এবং মধ্যস্থতার পরিভাষা তালিকা

বর্ণানুক্রমে:

- সহযোগিতামূলক সমস্যা সমাধান
  যখন কোন শিক্ষার্থী চ্যালেঞ্জিং আচরণে সংশ্লিষ্ট হয়, একজন প্রশিক্ষিত স্কুল কর্মী সদস্য নির্দিষ্ট ব্যাপারটি, যার কারণে এই আচরণটি ঘটছে. সেটি শনাক্তকরণে সহযোগিতামূলক সমস্যা-সমাধান প্রক্রিয়া ব্যবহার করতে পারে, আচরণের ব্যাপারে বড়দের উদ্বেগ জানাতে এবং শিক্ষার্থীকে একটি সহযোগিতামূলক প্রক্রিয়ায় সংশ্লিষ্ট করতে পারে যাতে আচরণের অন্তর্নিহিত কারণ চিহ্নিত করা যায় এবং একটি পরিকল্পনা ব্যবস্থার সিদ্ধান্ত গ্রহণ করা যায় যা উভয়ের জন্য বাস্তবসম্মত এবং গ্রহণযোগ্য।

- কম্যুনিটি পরিষেবা (পিতামাতার সম্মতিক্রমে)
  কম্যুনিটি পরিষেবা শিক্ষার্থীদের দক্ষতা অর্জনের এবং কম্যুনিটিকে সহায়তাদানের জন্য বাস্তব জীবনের সমাধানসমূহে নিয়োজিত হওয়ার সুযোগ দেয়। এটি শিক্ষার্থীদেরকে তাদের আচরণের জন্য দায়িত্বশীল রাখে এবং তাদের অতীত অসদাচরণের প্রতিদান দিতে তাদেরকে ইতিবাচক প্রতিকারের সুযোগ প্রদান করে।

- দ্বন্দ্ব নিরসন
  দ্বন্দ্ব নিরসন দুই বা অধিক পক্ষের মধ্যে দ্বন্দ্বের মীমাংসার সুযোগ দেয়। সহযোগিতামূলক আলাপ-আলোচনা প্রক্রিয়া ব্যবহার করে, শিক্ষার্থীরা যাদের সাথে তারা একটি পারস্পরিক সন্তোষজনক সমাধানে পৌঁছুতে অসম্মত, তাদের সাথে একটি সমস্যা বা দ্বন্দ্ব সম্পর্কে শোনে ও আলোচনা করে।

- ব্যক্তিক আচরণগত চুক্তি প্রণয়ন
  শিক্ষার্থী শিক্ষকদের সাথে মিলিত হয়ে একটি লিখিত চুক্তি প্রণয়ন করবে যার অন্তর্ভুক্ত থাকবে লক্ষ্য এবং নির্দিষ্ট কর্মসম্পাদনার কিছু কাজ যা শিক্ষার্থীকে এই লক্ষ্য পূরণর জন্য সফলভাবে শেষ করতে হবে। চুক্তিটি শিক্ষার্থী এবং শিক্ষক কর্তৃক স্বাক্ষরিত হবে এবং, প্রয়োজনবোধে পিতামাতাও সেটি সই করবেন।

- গাইডেন্স কনফারেন্স
  প্রিন্সিপ্যাল এবং শিক্ষকগণ, প্রয়োজনবোধে, পিতামাতাসহ শিক্ষার্থীর সঙ্গে গাইডেন্স কনফারেন্সের অনুরোধ জানাতে পারেন। কনফারেন্সের লক্ষ্য আচরণ পর্যালোচনা, সমস্যার সমাধান বের করা এবং অ্যাকাডেমিক, ব্যক্তিগত এবং সামাজিক সমস্যার সমাধান যা এই আচরণের কারণ অথবা সেটিকে প্রভাবিত করেছে।

- হেলথ্ এডুকেশন (স্বাস্থ্য শিক্ষা)

সকল গ্রেডের শিক্ষার্থীদের জন্য স্বাস্থ্য সম্পর্কিত শিক্ষা একটি বাধ্যতামূলক প্রাতিষ্ঠানিক বিষয়। এ ক্লাসে শিক্ষার্থীরা সুস্থ তাকার জন্য প্রয়োজনীয় জ্ঞান ও দক্ষতা শিখে, যার অন্তর্ভুক্ত আছে সামাজিক ও মানসিক দক্ষতা, বুলি প্রতিরোধের উপায়, ভাববিনিময় ও সম্পর্ক পাতানোর দক্ষতা, অ্যালকোহল, তামাক ও অন্যান্য ড্রাগস্ থেকে স্বাস্থ্যগত ঝুঁকি পরিহারের উপায়, ইত্যাদি।

- একক/দলগত কাউন্সেলিং
  কাউন্সেলিং শিক্ষার্থীদেরকে তাদের যেসব একান্ত বিষয়সমূহ নেতিবাচকভাবে তাদের স্কুলে উপস্থিতি, আচরণ, এবং/অথবা অ্যাকাডেমিক সাফল্যকে ক্ষতিগ্রস্ত করছে, সেগুলো গোপনীতার সাথে প্রকাশের সুযোগ দেয়। ক্ষুদ্র-গ্রুপ কাউন্সেলিং এইসব চাহিদা পূরণ করতে পারে যেমন মানসিক চাপ ব্যবস্থাপনা, ক্রোধ ব্যবস্থাপনা, এবং দ্বন্দ্ব নিরসন এবং/অথবা যোগাযোগ দক্ষতা, ইত্যাদি। শিক্ষার্থীরা লক্ষ্য আলোচনা এবং সেটি নির্ধারণ করে, এবং সমস্যা সমাধানের কৌশল শেখে যা তাদেরকে বিভিন্ন ব্যক্তিগত চ্যালেঞ্জ মোকাবেলায় সক্ষম করে তোলে। কাউন্সেলরদেরকে শিক্ষার্থীর অ্যাকাডেমিক এবং ব্যক্তিগত অগ্রগতি আলোচনার জন্য পিতামাতাদের সাথে নিয়মিত আলোচনা করতে হবে।

- ইনডিভিজ্যুয়ালাইজড সাপোর্ট প্ল্যান (ISP)
  ইনডিভিজুয়ালাইজড সাপোর্ট প্ল্যান (ব্যক্তিক সহায়তা পরিকল্পনা) হলো বুলি, হয়রানি, হুমকি, বৈষম্য এবং অন্যান্য আগ্রাসী আচরণের শিকার বা সূত্রপাতকারী শিক্ষার্থীদের সহায়তা প্রদানের জন্য একটি লিখিত পরিকল্পনা। এতে অন্যান্য বিষয়বস্তুর মধ্যে আছে শিক্ষার্থীদের জন্য হস্তক্ষেপ ও সহায়তা এবং আচরণের কোন উন্নতি হয়েছে কি না, সেটা নির্ধারণের জন্য শিক্ষার্থী এবং/অথবা তাদের পিতামাতাদের সাথে দায়িত্বপ্রাপ্ত স্কুল স্টাফদের একটা সুনির্দিষ্ট সময়ে আলাপ-আলোচনার প্রথা। যেসব শিক্ষার্থীর কেস-এ অধিকতর লক্ষ্যাভিমুখী প্রক্রিয়া প্রয়োজন এবং/অথবা নিয়মিত মনিটর করা আবশ্যক, তাদের ক্ষেত্রে এটা উপযোগী।

- কাউন্সেলিং স্টাফদের দ্বারা হস্তক্ষেপ
  যেখানে লভ্য, স্কুল-ভিত্তিক কাউন্সেলিং কর্মীগণ এবং/অথবা স্কুল-ভিত্তিক মানসিক স্বাস্থ্য কর্মসূচিগুলি বিস্তৃত বিভিন্ন ধরনের সামগ্রিক এবং গোপনীয় মানসিক স্বাস্থ্য পরিষেবা এবং মধ্যস্থতা প্রদান করে – এর অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়: মূল্যায়ন, ব্যক্তিক, গ্রুপ এবং পারিবারিক কাউন্সেলিং এবং/অথবা থেরাপি, শিক্ষক পরামর্শ, এবং পিতামাতা এবং কর্মীদের জন্য শিক্ষা-সংক্রান্ত কৌশলাদি।

- মেন্টরিং
  শিক্ষার্থীদেরকে একজন মেন্টর/কোচ-এর সাথে জুটি বেঁধে দেওয়া হয় যাতে তারা একজন কাউন্সেলর, শিক্ষক, শিক্ষার্থী এবং/অথবা প্রশাসকের সাথে ব্যক্তিগত, প্রাতিষ্ঠানিক কিংবা সামাজিক উন্নয়নের জন্য কাজ করেন।

- পিতামাতার সাথে যোগাযোগ
  স্কুল-স্টাফদের দায়িত্ব পিতামাতাকে তাদের সন্তানের আচরণ সম্পর্কে অবহিত রাখা এবং কোন সমস্যা হলে তার সমাধানে পিতামাতাদেরকে অংশীদার হিশেবে তালিকাভুক্ত করা। পিতামাতাদের সাথে যোগাযোগের মধ্যে আছে, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়, ফোনে যোগাযোগ এবং/অথবা চিঠির মাধ্যমে যোগাযোগ।

- ইতিবাচক আচরণগত হস্তক্ষেপ এবং সহায়তা (PBIS)
  PBIS একটি বহুস্তরবিশিষ্ট ক্রিয়াশীল কাঠামো প্রদান করে ও মৌলিক পাঠ্য বিষয়বস্তুতে যেমন থাকে, ঠিক তার অনুরূপ আচরণগত প্রত্যাশা শিক্ষা দিয়ে স্কুল-ভিত্তিক প্রতিরোধ ব্যবস্থার প্রসার ঘটায় যাতে শিক্ষার্থীর আচরণে উন্নতি হয়।

- যথাযথ মাদকদ্রব্য অপব্যবহার বিষয়ক কাউন্সেলিং পরিষেবার জন্য রেফারাল
  মাদকাসক্তির সমস্যা আছে এমন শিক্ষার্থীর ক্ষেত্রে, যার মধ্যে আছে বে-আইনি মাদকদ্রব্য বা মাদকদ্রব্য-সংশ্লিষ্ট সামগ্রী এবং/অথবা অ্যালকোহলের ব্যবহার, সেগুলো সঙ্গে রাখা অথবা বিতরণ, শিক্ষার্থীকে কাউন্সেলিং পরিসেবায় রেফার করা জরুরি যা স্কুলের ভিতরে অথবা বাইরের কোন কম্যুনিটি-ভিত্তিক সংগঠনের মাধ্যমে হতে পারে।

- কম্যুনিটি ভিত্তিক সংগঠনের (CBO) কাছে রেফারাল
  বিভিন্ন পরিসেবার জন্য শিক্ষার্থীদের কম্যুনিটি-ভিত্তিক সংগঠনের কাছে রেফার করা হতে পারে এবং এর অন্তর্ভুক্ত কিন্তু এতেই সীমাবদ্ধ নয় স্কুল-ছুটি পরবর্তী কর্মসূচি, একক অথবা গ্রুপ-ভিত্তিক কাউন্সেলিং, নেতৃত্ব উন্নয়ন, দ্বন্দ্ব নিরসন এবং অ্যাকাডেমিক টিউটরিং।

- পক্ষপাতিত্বমূলক বুলিইং, ভীতি-প্রদর্শন, অথবা হয়রানিসহ বুলিইং, ভীতি-প্রদর্শন, অথবা হয়রানির কারণে কাউন্সেলিং পরিসেবায় রেফারাল
  যখন কোন শিক্ষার্থী অথবা শিক্ষার্থীর দল পক্ষপাতিত্বমূলক বুলিইং, ভীতি-প্রদর্শন অথবা হয়রানির ঘটনায় জড়িয়ে পড়ে, তখন ভুক্তভোগী এবং যে শিক্ষার্থী এ ধরনের আচরণে সম্পৃক্ত - উভয়কে স্কুল কর্মী অথবা কোন কম্যুনিটি-ভিত্তিক এজেন্সি কর্তৃক প্রদত্ত যথোপযুক্ত কাউন্সেলিং, সহায়তা, এবং শিক্ষা পরিসেবার জন্য পৃথকভাবে রেফার করা প্রয়োজন।

- যুব সম্পর্কের অপব্যবহার অথবা যৌন সহিংসতাজনিত কারণে কাউন্সেলিং পরিসেবায় রেফারাল
  যখন কোন ব্যক্তি তার ডেটিং পার্টনারকে নিয়ন্ত্রণ করার জন্য হুমকি অথবা প্রকৃত শারীরিক, যৌন এবং/অথবা আবেগগত নিয়ন্ত্রণের প্যাটার্ন ব্যবহার করে, তখন স্কুলের উচিত কাউন্সেলিং, সহায়তা এবং শিক্ষা পরিষেবার জন্য ভুক্তভোগী এবং এধরনের আচরণকারী শিক্ষার্থী উভয়কেই ভিন্ন ভিন্ন যথোপযুক্ত স্কুল বা কম্যুনিটিভিত্তিক এজেন্সিতে পাঠান উচিত।

- মানসিক স্বাস্থ্য পরিষেবা সহায়তার জন্য রেফারাল
  শিক্ষার্থীদেরকে একটি কাউন্সেলিং, মানসিক স্বাস্থ্য, কিংবা মেন্টরিং এজেন্সিতে পরিসেবা লাভের জন্য পাঠানো হতে পারে।

- পিউপিল পার্সোনেল টিমে (PPT) রেফারেল
  পিউপিল পারসোন্যাল টিমগুলো স্কুল-ভিত্তিক টিম যা প্রতিরোধ হস্তক্ষেপ কৌশল এবং সহায়তার মাধ্যমে বহুবিধ-শৃঙ্খলা পদ্ধতি ব্যবহার করে শিক্ষার্থী সাফল্যকে উদ্বুদ্ধ করে। প্রত্যেক শিক্ষার্থী রেফারালের জন্য একজন কেস ম্যানেজার অ্যাসাইন করা হয় এবং শিক্ষার্থীর অ্যাকাডেমিক এবং/অথবা অন্য চ্যালেঞ্জগুলি মোকাবেলা করার সহায়তায় একটি ব্যক্তিক পরিকল্পনা তৈরি করা হয়।

- মাদকদ্রব্য অপব্যবহার প্রতিরোধ ও হস্তক্ষেপ বিশেষজ্ঞ (সাবস্ট্যান্স অ্যাবিউজ প্রিভেনশন অ্যান্ড ইন্টারভেনশন স্পেশালিস্ট, SAPIS) প্রোগ্রামে রেফারেল
  যেসব শিক্ষার্থীর আশঙ্কা আছে অ্যালকোহল ও মাদকদ্রব্য অপব্যাবহার, গ্যাং সংশ্লিষ্টতার, স্কুল থেকে সাসপেন্ড হওয়ার, উশৃঙ্খলআচরণের এবং শৃঙ্খলা বিধি ভঙ্গের, তাদেরকে হস্তক্ষেপ পরিষেবার জন্য SAPIS-এ সুপারিশ করে পাঠানো হতে পারে। SAPIS পিতামাতাদের জন্য কর্মশালার ব্যবস্থা করে যা অ্যালকোহল ও মাদকদ্রব্য অপব্যাবহার সমস্যা মোকাবেলা, সাথে সাথে বুলি ও সহিংসা প্রতিরোধ করে। SAPIS স্কুলগুলোতে সংকটকালে প্রয়োজনীয় সহায়তা প্রদানের জন্য ক্রাইসিস-রেসপন্স (সংকট-মোকাবেলা) সার্ভিস প্রদান করে। এছাড়া এটি K-12 গ্রেডগুলোতে হস্তক্ষেপ পরিষেবা প্রদান করে যাতে মাদকদ্রব্য অপব্যাবহারের সাথে সংশ্লিষ্ট নেতিবাচক স্বাস্থ্যগত, সামাজিক ও শিক্ষাগত পরিণতি রোধ করা যায়।

- পুনরুদ্ধারমূলক অনুশীলনী
  ইতিবাচক ইন্টারপারসোনাল এবং ইন্টারগ্রুপ সম্পর্ক গড়ে তুলতে এবং — যখন অনুপযুক্ত আচরণ সমস্যার উদ্ভব হয় তখন তার সমাধানে পুনরুদ্ধার অনুশীলনীর ব্যবহার শৃঙ্খলার জন্য — প্রগতিশীল পদ্ধতি একটি ভিত্তিপ্রস্তর। পুনরুদ্ধার অনুশীলনীসমূহের মধ্যে আছে সহযোগিতামূলক সমঝোতা, সার্কেল প্রক্রিয়া, সতীর্থ মধ্যস্থতা, দ্বন্দ্ব নিরসন, এবং প্রাতিষ্ঠানিক পুনরুদ্ধার কনফারেন্সিং মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসনের সাথে বুলি এবং হুমকির ক্ষেত্রে ক্ষমতার ভারসাম্যের সংশ্লিষ্টতার কারণে যে কোন পরিস্থিতিতেই হোক, বুলি অথবা হুমকি প্রদানের ক্ষেত্রে মধ্যস্থতা কিংবা দ্বন্দ্ব নিরসনের কোনটাই যথাযথ হস্তক্ষেপ হবে না। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে পৃষ্ঠা 16 -17 দেখুন।

- স্বল্প মেয়াদি আচরণের অগ্রগতির রিপোর্ট
  শিক্ষক এবং/অথবা প্রিন্সিপ্যালগণ পিতামাতাদের কাছে নিয়মিত ভিত্তিতে তাদের সন্তানদের আচরণের প্রোগ্রেস রিপোর্ট পাঠাতে পারেন যতক্ষণ না তারা অনুভব করেন যে শিক্ষার্থী তার আচরণ নিয়ন্ত্রণে রেখেছে এবং সফলভাবে ক্লাসরুমে অংশ নিচ্ছে।

- সামাজিক-আবেগজনিত শিক্ষণ
  শিক্ষার্থীদের দক্ষতা দিয়ে সজ্জিত করা যাতে তারা আবেগ নিয়ন্ত্রণ করতে পারে, ইতিবাচক লক্ষ্য স্থির করতে পারে, অন্যদের জন্য সমবেদনা প্রকাশ করতে পারে, এবং ইতিবাচক সম্পর্ক গড়ে তুলে ও গঠনমূলক সিদ্ধান্ত নেয়।

শুরুতে ফিরে যান

## পুনরুদ্ধরমূলক অনুশীলনী

একটি স্কুল কম্যুনিটির সকল সদস্য বিভিন্ন বৈচিত্রপূর্ণ ক্ষমতা, আগ্রহ, মতামত, এবং পরিবার এবং সাংস্কৃতিক পটভূমি থেকে আসে। এইসব ভিন্নতা বিরাট শক্তি এবং ক্ষমতার সূত্র হতে পারে যখন কম্যুনিটি সদস্যগণ একে অপরকে মূল্য দেয় এবং মর্যাদাশীল থাকে। ইতিবাচক ইন্টারপারসোনাল এবং ইন্টারগ্রুপ সম্পর্ক গড়ে তুলতে এবং যখন অনুপযুক্ত আচরণ সমস্যার উদ্ভব হয় তখন তার সমাধানে পুনরুদ্ধার অনুশীলনীর ব্যবহার শৃঙ্খলার জন্য প্রগতিশীল পদ্ধতি একটি ভিত্তিপ্রস্তর।

শৃঙ্খলার জন্য পুনরুদ্ধারমূলক পদ্ধতি মৌলিক প্রশ্নসমূহের পরিবর্তন ঘটায় যা কোন আচরণগত ঘটনা ঘটলে জিজ্ঞেস করা হয়ে থাকে। কে দোষী এবং এরকম অসদাচরণে যারা জড়িত তাদেরকে কী শাস্তি দেয়া যেতে পারে - সেটি জিজ্ঞেস করার পরিবর্তে পুনরুদ্ধার পদ্ধতি চারটি প্রধান প্রশ্নের উত্তর খোঁজে:

- কি হয়েছে?
- এই আচরণের ফলে কে ক্ষতিগ্রস্ত বা কে শিকার হয়েছে?
- এর প্রতিকার হিশেবে কী ব্যবস্থা নেয়া যেতে পারে?
- ভবিষ্যতে এসব অসদচারণকারী কীভাবে ভিন্ন আচরণ করতে পারে?

### পুনরুদ্ধারমূলক অনুশীলনীর শব্দতালিকা

- সার্কেল প্রক্রিয়া: কোন স্কুলের শিক্ষানির্দেশনার কর্মসূচিতে নিয়মিত পুনরুদ্ধারমূলক সার্কেলের ব্যবহার একটি উল্লেখযোগ্য প্রতিরোধ এবং মধ্যস্থতার কৌশল। সার্কেল প্রসেস (বৃত্ত প্রক্রিয়া) একটি দলের মধ্যে সম্পর্ক গড়ে তুলতে, মতৈক্য ও বিশ্বাস গড়ে তুলতে, কম্যুনিটি বোধ সৃষ্টি করতে, কীভাবে একসাথে সিদ্ধান্ত গ্রহণ করতে হয় তা শিখতে, পরস্পরের কল্যাণে ঐকমত্য হতে, কঠিন সমস্যা সমাধান এবং যখন অন্য বিষয়ের উদ্ভব হয় সেগুলির সমাধানদানে সক্ষম করে।

  স্কুল কম্যুনিটিতে স্বার্থসংশ্লিষ্ট গ্রুপের সর্বোবৃহৎ গ্রুপটি হলো শিক্ষার্থী গ্রুপ এবং একটি নিরাপদ এবং সহায়ক স্কুল পরিবেশ গড়ে তোলা এবং সেটি বজায় রাখায় এর সবচেয়ে বড় রিসোর্স হলো শিক্ষার্থীগণ। শিক্ষার্থীদের মধ্যে এবং শিক্ষার্থী, পরিবার ও কর্মী সদস্যদের মাঝে কম্যুনিটি বোধ গড়ে তুলে একটি সহায়ক এবং সকলের সংস্কৃতির অংশীদারত্ব তৈরির অবিচ্ছেদ্য অংশ। যখন শিক্ষার্থীরা গ্রহণীয়, তাদেরকে মূল্য, মর্যাদা দেয়া হয়, এবং অন্তর্ভুক্ত করা হয় বলে অনুভব করে, তখন তারা স্কুলের সাথে একটি ইতিবাচক সম্পর্ক গড়ে তোলে এবং দৃঢ়তা লালন করে।

  কম্যুনিটি বিল্ডিং সার্কেল অভিনিবেশ করে:

  - নিরাপত্তা এবং আস্থার উপর। কম্যুনিটি সদস্যগণের একে অপরের সাথে সংযোগ স্থাপনের জন্য নিরাপত্তা এবং আস্থার একটি চাহিদা থাকে।
  - সম্মান। সদস্যগণ নিরপেক্ষ এবং বিশ্বস্ততার সাথে একে অপরের সাথে মেলামেশা করে এবং তাদের কর্মকাণ্ডে ব্যক্তিগত দায়িত্ববোধ স্বীকার করে।
  - উন্মুক্ততা। কম্যুনিটি সদস্যগণ দ্বিধাহীনভাবে তাদের চিন্তা এবং অনুভূতি শেয়ার করে।
  - মর্যাদা। একটি কম্যুনিটি হিশেবে বন্ধনে আবদ্ধ হতে, সদস্যগণকে অবশ্যই অনুভব করতে হবে যে তাদের মূল্য রয়েছে এবং ব্যক্তি হিশেবে তাদের মর্যাদা আছে, এবং তারা অবশ্যই একে অপরকে শ্রদ্ধাশীলভাবে জবাব দেবে।.
  - ক্ষমতায়ন। ক্ষমতায়ন বোধ একটি গুরুত্বপূর্ণ উপাদান এবং একটি কম্যুনিটির একজন সদস্য হবার জন্য এটি একটি প্রত্যাশিত ফল। কম্যুনিটি সহায়তা সদস্যদেরকে তাদের নিজেদের সম্পর্কে একটি নতুন দৃষ্টিভঙ্গি অর্জনে সক্ষম করে এবং তাদের ক্ষমতা সম্পর্কে একটি নতুন আত্মবিশ্বাস তৈরি করে।

  অনুপযুক্ত শিক্ষার্থী আচরণ সমস্য সমাধানে যখন মধ্যস্থতা ব্যবস্থা ব্যবহার করা হয়, পুনরুদ্ধার সার্কেল কম্যুনিটি সদস্যদেরকে অন্যদের কল্যাণে দায়িত্ব গ্রহণে ক্ষমতায়িত করে; সংঘাত বৃদ্ধিকে প্রতিরোধ বা প্রশমিত করতে পারে; তরুণরা যে অনুপযুক্ত আচরণে সম্পৃক্ত হয় তার অন্তর্নিহিত কারণের প্রতিকার এবং স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনায় ব্যবস্থা নিতে পারে; যারা অন্যদের ক্ষতি করেছে তাদের সমাজমুখী দক্ষতা বৃদ্ধিতে সহায়ক হতে পারে; এবং যারা অন্যায় করেছে তাদেরকে অন্যদের প্রতি যেসব অন্যায্য আচরণ হয়েছে সে ব্যাপারে দায়বদ্ধতার সুযোগ সৃষ্টি এবং যথাসম্ভব ক্ষতি পূরণের যোগ্য করে তুলতে পারে। স্কুল কম্যুনিটি ক্ষতিগ্রস্ত হয়েছে এমন যেকোন একটি নির্দিষ্ট ঘটনার ব্যবস্থাগ্রহণেও বৃত্ত পদ্ধতি অনুসরণ করা যেতে পারে।

- সহযোগিতামূলক সমঝোতা: সহযোগিতামূলক আলাপ-আলোচনা প্রক্রিয়া ব্যবহারের মাধ্যমে যে ব্যক্তি ঘটনা ঘটিয়েছে বা সংঘাত সৃষ্টি করেছে তার সাথে সরাসরি আলোচনা করে একটি পারস্পরিক সমাধানে পৌঁছুনো সম্ভব। সহযোগিতামূলক আলাপ-আলোচনা প্রশিক্ষণের অন্তর্ভুক্ত মনোযোগসহকারে শোনার ক্ষমতা এবং অন্য দ্বন্দ্ব নিরসনের যোগাযোগ দক্ষতা বৃদ্ধি।

- সতীর্থ মধ্যস্থতা; একজন নিরপেক্ষ, তৃতীয় পক্ষ মধ্যস্থতাকারী (কোন স্কুলে, একজন শিক্ষার্থী যে সতীর্থ মধ্যস্থতাকারী হিশেবে প্রশিক্ষণ প্রাপ্ত) সংঘাতে জড়িত পক্ষগুলোর মধ্যে এই আলাপ-আলোচনা প্রক্রিয়া চালিয়ে বিষয়টিকে সহজীকরণ করে যাতে তারা একটি সন্তোষজনক পারস্পরিক সমাধানে পৌঁছুতে পারে। এই মধ্যস্থতা সংঘাতে জড়িত পক্ষগুলোর মধ্যে যে বিরোধ তার স্বীকৃতি প্রদান করে এবং বিষয়টি আলোচনার টেবিল আনে এবং উভয় পক্ষের চাহিদা পূরণে তাদের মধ্যে একটি সমাধান বের করার লক্ষ্যে সহায়তা দেয়। বিবাদমান পক্ষগুলোকে অবশ্যই মধ্যস্থতা ব্যবহার করতে হবে এবং স্বেচ্ছায় এই প্রক্রিয়ায় অংশ নিতে হবে। একজন ব্যক্তি যখন অন্যের দ্বারা শিক্ষারে পরিণত হয় (যেমন হয়রানি বা বুলিইংয়ের ক্ষেত্রে), তখন ক্ষমতার ভারসাম্যহীনতার কারণে মধ্যস্থতা ব্যবহার করা হয় না।

- প্রাতিষ্ঠানিক পুনরুদ্ধার কনফারেন্স: যেপক্ষ ক্ষতি সাধন করেছে বলে স্বীকার করেছে এবং যে পক্ষ ক্ষতিগ্রস্ত হয়েছে, উভয় পক্ষকে আলোচনায় আনার জন্য বিশেষ প্রশিক্ষণপ্রাপ্ত একজনকে কনফারেন্স সঞ্চালক হিশেবে দায়িত্ব প্রদান করা হয়। কোন স্কুল পরিবেশে এই বিকল্প বিবেচনাকালে, পরিস্থিতি যাই হোক না কেন, ক্ষতিগ্রস্ত ব্যক্তির মানসিক ও শারীরিক সুস্থতা, সুরক্ষা এবং কল্যাণ সর্বোচ্চ গুরুত্বপূর্ণ বিবেচনার বিষয়। ঘটনায় ক্ষতিগ্রস্ত হয়েছে এমন সকল সমর্থককে উভয় পক্ষ এই আলোচনা চক্রে আনতে পারে। এই কনফারেন্সের লক্ষ্য ক্ষতি সাধনকারী এবং ক্ষতিগ্রস্ত উভয়ের দৃষ্টিকোণ থেকে একে অপরকে বোঝা এবং যথাসম্ভব ক্ষতিপূরণে একটি পারস্পরিক মতৈক্যে পৌঁছা। শৃঙ্খলাজনিত সমস্যা সমাধানের সাথে মধ্যস্থতা হিশেবে প্রাতিষ্ঠানিক একটি পুনরুদ্ধার কনফারেন্সও ব্যবহার করা যেতে পারে (উদাহরণ হিশেবে, একজন শিক্ষার্থী শিক্ষক কর্তৃক অপসারণ অথবা প্রিন্সিপ্যাল বা সুপারিনটেনডেন্টের সাসপেনশনের সঙ্গে একটি প্রাতিষ্ঠানিক পুনরুদ্ধারমূলক কনফারেন্সেও অংশ নিতে পারে) অথবা এমন অসদাচরণ যার কারণে শিক্ষকের অপসারণ অথবা সাসপেনশনের বাধ্যবাধকতা নাই, সেটির সমাধানে শৃঙ্খলাজনিত একটি মধ্যস্থতাও ব্যবহৃত হতে পারে। অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে অনুমিত ক্ষমতার ভারসাম্যহীনতা থাকলে এই কনফারেন্স ব্যবহার করা উচিৎ নয়।

- ওয়েলকাম-ব্যাক সার্কেল: ওয়েলকাম-ব্যাক সার্কেল শিক্ষার্থীদের জন্য একটি প্রক্রিয়া যা স্কুল কম্যুনিটিতে ফিরে আসা শিক্ষার্থীকে প্রাতিষ্ঠানিকভাবে আমন্ত্রণ করা এবং একটি সহায়ক সিস্টেম (যেমন গুরুত্বপূর্ণ সম্পর্ক ও রিসোর্স) প্রতিষ্ঠার জন্য ডিজাইন করা হয়েছে। প্রত্যাগত শিক্ষার্থী ও সার্কেলের অন্যান্য অংশগ্রহণকারী (যেমন স্কুল স্টাফ ও পিতামাতা) কীভাবে একটি সহজ প্রত্যাবর্তন সম্ভব করে তুলবেন এবং সাসপেনশনের সময় উদ্ভূত ব্যক্তিগত বা কম্যুনিটির পরিস্থিতি মোকাবেলা করবেন যা সাসপেনশনের ঘটনায় ভূমিকা রেখেছিল। সার্কেল শিক্ষার্থীদের জন্য তাদের মতামত জানাবার সুযোগ দেয়, একজনকে অপরের দৃষ্টিভঙ্গী সক্রিয়ভাবে শোনার সুযোগ দেয়, এবং একটি কম্যুনিটিবোধ গড়ে তুলে। শিক্ষার্থী, স্টাফ এবং কম্যুনিটির অন্যান্যরা নির্ভর করতে ও প্রয়োজনের মুহূর্তে আশ্রয় নিতে পারে, এমন একটি শক্তিশালী সংস্কৃতি গড়ে তুলতে এ অভ্যাস সহায়তা করে। একটি শাস্তিমূলক ব্যবস্থার (যেমন শিক্ষক কর্তৃক অপসারণের বা একটি প্রিন্সিপ্যালের বা সুপারিনটেনডেন্টের সাসপেনশনের পর কোন শিক্ষার্থীর ওয়েলকাম-ব্যাক সার্কেলে অংশগ্রহণ) পাশাপাশি একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলকে একটি হস্তক্ষেপ হিসেবে ব্যবহার করা যেতে পারে।

শুরুতে ফিরে যান

## বুলি এবং পক্ষপাতমূলক আচরণের সমাধান

### নিরোধ ও হস্তক্ষেপ

প্রতিটি স্কুল একটি গঠনমূলক স্কুল সংস্কৃতি গড়ে তুলবে বলে প্রত্যাশিত যা ইতিবাচক আন্তঃব্যক্তিক ও আন্তঃদলীয় সম্পর্ক এবং শিক্ষার্থীদের পরস্পরের ও শিক্ষার্থী ও স্টাফদের মধ্যে বৈচিত্র্যের প্রতি মর্যাদাবোধ তৈরি করবে। সকল শিক্ষার্থীদের জন্য স্কুলগুলোকে সহায়ক ও নিরাপদ পরিবেশ প্রদান করতে হবে যেখানে তারা বেড়ে উঠবে এবং প্রাতিষ্ঠানিক ও সামাজিকভাবে সমৃদ্ধ হবে। কোন স্কুলের শিক্ষার্থীরা যখন অন্য শিক্ষার্থীদের সাথে বৈষম্যমূলক অথবা হয়রানি, বুলিইং, অথবা ভীতি প্রদর্শনমূলক আচরণ করে তখন শিখনে এবং উচ্চ অ্যাকাডেমিক মান পূরণে শিক্ষার্থীদের যোগ্যতা এবং শিক্ষার্থীদের শিক্ষিত করে তুলতে স্কুল কম্যুনিটির ক্ষমতা হ্রাস পায়।

স্কুলগুলোকে নিম্নলিখিত ব্যবস্থার মাধ্যমে বুলি প্রতিরোধ করতে হবে:

- স্কুলভিত্তিক ও ক্লাসরুমভিত্তিক সামাজিক ও আবেগজনিত শিক্ষণ কৌশল এবং নিয়মশৃঙ্খলার প্রতি ইতিবাচক দৃষ্টিভঙ্গী বাস্তবায়ন করে;
- বুলি প্রতিরোধে প্রতিটি গ্রেডে পাঠ্যক্রমের সাথে যুক্ত করা বয়সোপযোগী শিক্ষানির্দেশনা প্রদান করে;
- একটি স্কুলভিত্তিক ও ক্লাসরুমভিত্তিক আবহাওয়া তৈরি করা যা জাতিগত, সাংস্কৃতিক ও অন্যান্য বৈচিত্র্যকে সমর্থন করে, (যেমন সুস্পষ্ট আচরণগত প্রত্যাশা, কুসংস্কার দূরীকরণমূলক পাঠপরিকল্পনা অন্তর্ভুক্তি, পক্ষপাতহীন আচরণের নমুনা প্রদর্শন, সহমর্মীতার প্রসার ও সহযোগিতামূলক শিক্ষণ); এবং
- বুলি আচরণ প্রতিরোধমূলক উদ্যোগে পিতামাতার অংশগ্রহণকে উৎসাহিত করা।

প্রতিটি স্কুলকে বুলি আচরণ দূর করার জন্য সংশোধনমূলক অনুশীলনীর প্রতি প্রতিশ্রুতির প্রতিফলন ঘটায়, তেমন শৃঙ্খলাবিধানমূলক পদ্ধতি ব্যবহার করে পদক্ষেপ গ্রহণ করতে হবে, নিম্নলিখিতগুলো যার অন্তর্ভুক্ত হতে পারে, তবে তা এতেই সীমিত নয়:

- সাথে সাথে ক্ষতিগ্রস্থ শিক্ষার্থীকে স্কুলের ও কম্যুনিটির যথাযথ সহায়তা পরিষেবায় সুপারিশ করে পাঠানো ;
- দায়ী শিক্ষার্থীদেরকে তাদের আচরণের পশ্চাতে কাজ করেছে যে সমস্যা, সেটার প্রতিকারের জন্য কাউন্সেলিং-এএবং/অথবা যথাযথ শাস্তিমূলক ব্যবস্থার জন্য প্রশাসকদের কাছে পাঠানো;
- সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পিতামাতাদেরকে অবহিত করা;
- সমাধানের প্রক্রিয়া, যেমন অভিজ্ঞ সার্কেল লিডারের নেতৃত্বে পরিচালিত সংশোধনমূলক জাস্টিস সার্কেল; এবং
- পুনরাবৃত্তি রোধের জন্য অব্যাহত সক্রিয়তা, যেমন একটি কর্মকাণ্ডের ক্ষেত্রে যেখানে ঘটনাটি ঘটেছে, সেখানে প্রাপ্তবয়স্কদের তত্ত্বাবধান বৃদ্ধি করা এবং ক্ষতিগ্রস্থদের নিরাপত্তার প্রতি ঘনিষ্ট নজরদারি করা।
- ইনডিভিজুয়ালাইজড সাপোর্ট প্ল্যান ("ISP") তৈরি করা
- একটি ইনডিভিজুয়ালাইজড এডুকেশন প্রোগ্রাম (IEP) মিটিং পুনরায় আহ্বান করা
- কম্যুনিটি পরিষেবায় (পিতামাতার সম্মতিক্রমে) অংশগ্রহণ

বুলিইং এবং হয়রানি বিভিন্ন ধরনের হতে পারে এবং সেইসব আচরণ এর অন্তর্ভুক্ত যা শিক্ষার্থীর প্রকৃত অথবা ধারণাকৃত জাতি, বর্ণ, জাতীয় সূত্র, জাতিগত পরিচয়, নাগরিকত্ব/অভিবাসনগত অবস্থা, ধর্ম, কৃষ্টি, প্রতিবন্ধিতা, যৌন অগ্রাধিকা, লিঙ্গ, লৈঙ্গিক পরিচয়, লৈঙ্গিক প্রকাশভঙ্গি, অথবা ওজনের কারণে করা হয়। এইসব আচরণ সকল শিক্ষার্থীদের জন্য গুরুতর হুমকি, এবং স্কুলের দায়িত্ব এই ধরনের হয়রানি-সৃষ্ট বৈরি পরিবেশ পরিহার করা, এ থেকে উদ্ভূত সমস্যার সমাধান, এবং পদক্ষেপ নিয়ে এরকম হয়রানি যেন আর না ঘটে সেবিষয়টি নিশ্চিত করা। হয়রানি, হুমকি, বৈষম্য এবং/অথবা বুলি আচরণ সংক্রান্ত সকল রিপোর্ট অনুসন্ধান করা হবে এবং যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-832 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

স্কুল কম্যুনিটির প্রত্যেকের – শিক্ষক, সহায়ক কর্মী, সিকিউরিটি এজেন্টস্, ক্যাফেটেরিয়া, কাস্টোডিয়াল স্টাফ, বাস ড্রাইভারস্, স্কুল কাউন্সেলরস্, স্টুডেন্ট সাপোর্ট স্টাফ, শিক্ষার্থীগণ, এবং পিতামাতাদের বোঝা প্রয়োজন বুলিইং কী এবং এর প্রতিরোধে NYCDOE-র নীতি কী। বুলিইং এবং বৈষম্যমূলক আচরণ নিষিদ্ধকরণে এবং নীরব দর্শকের ভূমিকা নিরুৎসাহিতকরণে স্কুল-ভিত্তিক নীতির ব্যাখ্যা বিশেষ গুরুত্বপূর্ণ যা শিক্ষার্থীদেরকে বুলিইং প্রতিরোধে একটি প্রধান ভূমিকা রাখতে সহায়তা দেয়।

শিক্ষার্থীর প্রতি শিক্ষার্থীর বুলিইং এবং/অথবা পক্ষপাত-ভিত্তিক আচরণ নিরসন কার্যকরী সামাজিক-মানসিক শিক্ষণের অবিচ্ছেদ্য অংশ যা শিক্ষার্থীদের মূল যোগ্যতার জন্য সহায়ক। এইসব মৌলিক জীবন দক্ষতার মধ্যে আছে: তাদের নিজেদের আবেগসমূহ জানা এবং সেগুলি নিয়ন্ত্রণ করা, অন্যদের প্রতি মমতা এবং উৎকণ্ঠা বোধ, ইতিবাচক সম্পর্ক প্রতিষ্ঠা, দায়িত্বপূর্ণ সিদ্ধান্ত গ্রহণ, এবং গঠনমূলক এবং নীতিগতভাবে চ্যালেঞ্জিং পরিস্থিতি মোকাবেলা।

যেসকল শিক্ষার্থী তাদের নিজেদের আবেগ সম্পর্কে জানে এবং তার নিয়ন্ত্রণে যোগ্য তারা যখন তাদের সতীর্থদের সাথে ভাববিনিময় করে তখন আরও বেশি দৃঢ়তা, আক্রমনাত্মক অথবা নিষ্ক্রিয়তা নয়, প্রদর্শন করতে সক্ষম হয়। যেসকল শিক্ষার্থী অন্যদের প্রতি যত্নশীল এবং উৎকণ্ঠিত বোধ করে এবং ইতিবাচক সম্পর্ক প্রতিষ্ঠা করে তাদের বুলিইং অথবা বৈষম্যমূলক আচরণে সংশ্লিষ্ট হবার সম্ভাবনা কম। এছাড়া, যেসব শিক্ষার্থী শিখেছে কীভাবে দায়িত্বশীল সিদ্ধান্ত নিতে হয় এবং নৈতিক এবং গঠনমূলকভাবে চ্যালেঞ্জিং পরিস্থিতির মোকাবেল করতে হয় তাদের নিষ্ক্রিয় দর্শক হবার সম্ভাবনা কম এবং তারা যদি তাদের কোন সতীর্থকে হয়রানি অথবা বুলির শিকার হতে দেখে তাহলে সেই সতীর্থের পক্ষাবলম্বন করার সম্ভাবনাই তার বেশি। কীভাবে মিত্র হতে হয় সেটি শেখার সহয়তায়, NYCDOE শিক্ষক এবং কাউন্সেলরদেরকে সকলের জন্য মর্যাদাবোধ লালন নামের পাঠ্যক্রম মডিউল ব্যবহারের প্রশিক্ষণ প্রদান করে। যা শিক্ষার্থীদেরকে নীরব দর্শকদের ভূমিকা থেকে সহায়ক মিত্র হতে শেখানোর পাশাপাশি অন্যান্য রেসপেক্ট অর অল (সবার পরতি মর্যাদা, RFA) পেশাগত উন্নয়নের সুযোগ দেয়। আর ও তথ্যের জন্য অনুগ্রহ করে NYCDOE রেসপেক্ট ফর অল (RFA) লাইব্রেরি (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all) দেখুন।

বুলিইং এবং পক্ষপাত-ভিত্তিক আচরণের সমাধানে স্কুল কম্যুনিটিকে সহায়তা প্রদান করতে NYCDOE রেসপেক্ট ফর অল (RFA) লাইব্রেরি (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/respect-for-all), পিতামাতা, শিক্ষার্থী, স্কুল স্টাফ, এবং স্কুল নেতৃত্বের জন্য অনেক ধরনের তথ্য-উপকরণ প্রদান করে। এইসব সহায়-সংস্থানের মধ্যে আছে পিতামাতা এবং শিক্ষার্থীদের জন্য একটি গুরুত্বপূর্ণ RFA ব্রোশিওরসহ গাইডেন্স ডক্যুমেন্ট এবং পরামর্শপত্র যাতে তারা বুলিইং এবং দ্বন্দ্বের মধ্যে যে পার্থক্য সেটি বুঝতে পারে, এছাড়া স্কুল কর্মীদের জন্য রয়েছে বিভিন্ন লেসন, বুক লিস্ট, এবং অন্য শিক্ষা-নির্দেশনার সামগ্রী। বুলিইং প্রতিরোধ উদ্বুদ্ধ করতে স্কুলগুলোকে উৎসাহিত করা হয়, যার অন্তর্ভুক্ত সাইবারবুলিইং, বৈচিত্রপূর্ণ পাঠের প্রতি মর্যাদাবোধ এবং শিক্ষানির্দেশনার কর্মসূচিতে অন্য কর্মকাণ্ড।

রেসপেক্ট ফর অল লাইব্রেরি স্কুলসমূহকে উল্লেখ করার মতো বিভিন্ন নোটিস প্রদানের সুযোগও দিয়ে থাকে যাতে শিক্ষার্থীরা মর্যাদাপূর্ণ পরিবেশ গড়ে তুলতে সংশ্লিষ্ট হয় যেমন বুলি প্রিভেনশন মান্থ, নো নেইম কলিং উইক অথবা বিভিন্ন প্রকল্প তৈরির মাধ্যমে যেমন নট ইন আওয়ার স্কুল অথবা নো প্লেস ফর হেইট। স্কুলগুলো বুলিইং আচরণ প্রতিরোধে অথবা বৈচিত্রের প্রতি মর্যাদা বৃদ্ধিতে কোন একটি ক্লাস অথবা স্কুলভিত্তিক বুক অব দ্যা মান্থ বা প্রশিক্ষিত সতীর্থ শিক্ষাবিদগণ সতীর্থের-প্রতি-সতীর্থ কর্মশালা বেছে নিতে বুক লিস্ট ব্যবহার করে কিনা, সেটির চেয়েও বেশি জরুরি প্রতিটি স্কুল কম্যুনিটিকে অর্থবহ ও সক্রিয়ভাবে স্কুল সংস্কৃতি ও পরিবেশে সংশ্লিষ্টকরণ যেখানে শিক্ষার্থীরা নিরাপদ ও মর্যাদা পাবে।

পিতামাতা ও শিক্ষার্থীরা নিচে উল্লিখিতগুলোর একটি সম্পন্ন করে বুলি আচরণ সম্পর্কে তাদের উদ্বেগ জানাতে পারেন:

1. স্কুলের রেসপেক্ট ফর অল (RFA) লিয়াজোঁকে, সন্তানের স্কুল প্রশাসনের কোন ব্যক্তিকে বা অন্য কোন স্কুলের কর্মচারিকে জানানো; কিংবা
2. অনলাইনে একটি ফরম জমা দিয়ে (https://www.nycenet.edu/BullyingReporting) কিংবা অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্ট (OSYD) কেRespectforAll@schools.nyc.gov ঠিকানায়ইমেইল করে; কিংবা
3. যদি ঘটনাটিতে কোন লিঙ্গভিত্তিক নির্যাতন অন্তর্ভুক্ত থাকে, তাহলে DOE টাইটেল IX কোঅর্ডিনেটরকে Title_IX_Inquiries@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে; কিংবা
4. সোমবার – শুক্রবার, সকাল 9টা থেকে বিকাল 5টা পর্যন্ত 718-935-2288 নম্বরে ফোন করে।

পরে খোঁজ-খবর নেওয়ার জন্য পিতামাতাদেরকে স্কুল প্রশাসনের কাছে থেকে ইনসিডেন্ট (ঘটনা) নম্বর চেয়ে নিতে হবে। এটাকে অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (ঘটনার অনলাইনে রিপোর্ট, OORS) নম্বরও বলা হয়।

হয়রানি, হুমকি, বৈষম্য এবং/অথবা বুলি আচরণ সংক্রান্ত সকল রিপোর্ট অনুসন্ধান করা হবে এবং যথাযথ পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা হবে। আরও তথ্যের জন্য, অনুগ্রহ করে চ্যান্সেলরের প্রবিধান A-832 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

## বুলি কি?

বুলি এক ধরনের আচরণ যা কোন ক্ষতির উদ্দেশ্যে করা হয়। উদ্দেশ্য প্রণোদিতভাবে কোন ব্যক্তি যখন বুলি করে তখন সে যা বলে বা করে সেটি কোন ক্ষতির লক্ষ্যেই করে থাকে।

বুলি আচরণে সবসময় যে ব্যক্তি বুলিইং করছে এবং অন্য যে বুলিইংয়ের শিকার হচ্ছে তাদের দুজনের ক্ষমতা(শারীরিক অথবা সামাজিক) এবং শক্তির ভারসাম্যহীনতা অন্তর্ভুক্ত থাকে। বুলি আচরণকারী ব্যক্তি যে ব্যক্তির প্রতি এধরনের আচরণ করছে তার চেয়ে শারীরিকভাবে বড় অথবা শক্তিশালী বা বয়সে বড় অথবা সামাজিকভাবে উঁচু মানের অথবা শক্তির অধিকারী হতে পারে।

বুলি কোন ব্যক্তি(অথবা গ্রুপ)কৃত আক্রমণাত্মক আচরণ যা অন্য কোন নির্দিষ্ট ব্যক্তি(অথবা গ্রুপ)-কে উদ্দেশ্য করে করা হয়। এই আক্রমণাত্মক আচরণ অপ্রত্যাশিত এবং নেতিবাচক। এটি উদ্দেশ্য প্রণোদিত এবং কোন প্ররোচনা ছাড়াই করা হয়। যা উদ্দেশ্য প্রণোদিতভাবে বলা বা করা হয় তাতে যে ব্যক্তির প্রতি আচরণটি করা হয় সে ক্ষতিগ্রস্ত হয়। অধিক নির্দিষ্টভাবে, নিউ ইয়র্ক এডুকেশন ল, সেকশন 11 (https://www.nysenate.gov/legislation/laws/EDN/11) অনুসারে:

> "হয়রানি" ও "বুলি" বলতে বুঝায় হুমকি, ধমক বা নির্যাতনের মাধ্যমে একটি ভীতিকর পরিবেশ তৈরি করা, যার অন্তর্ভুক্ত আছে সাইবারবুলি, যা (a) কোন শিক্ষার্থীর শিক্ষাগত সাফল্য, সুযোগ বা সুবিধা, কিংবা মানসিক, আবেগজনিত, কিংবা শারীরিক সুস্থতার প্রতি অযৌক্তিকভাবে ও উল্লেখযোগ্যভাবে ক্ষতিসাধন করে বা করার সম্ভাবনা থাকে; কিংবা যা (b) কোন শিক্ষার্থীর শারীরিক নিরাপত্তার প্রতি ভীতির যুক্তিসঙ্গত কারণ বা যুক্তিসঙ্গত কারণ হতে পারে বলে আশঙ্কা করা যেতে পারে; কিংবা যা (c) কোন শিক্ষার্থীকে শারীরিক বা মানসিকভাবে আহত করার যুক্তিসঙ্গত কারণ হয় বা যুক্তিসঙ্গত কারণ হতে পারে বলে আশঙ্কা করা যেতে পারে; অথবা যা (d) স্কুলের সম্পত্তির বাইরে সংঘটিত হয় ও স্কুলের পরিবেশে একটি উল্লেখযোগ্য বিঘ্ন সৃষ্টি করে বা বলপূর্বক সৃষ্টি করতে পারে, বলপূর্বক হলে সে ক্ষেত্রে আচরণ, হুমকি, ধমক, কিংবা নির্যাতন স্কুলের সম্পত্তিতেও পৌঁছাতে পারে। হয়রানি ও বুলি কার্যকলাপের অন্তর্ভুক্ত থাকতে হবে সেসব কার্যকলাপ যার ভিত্তি কোন ব্যক্তির প্রকৃত বা অনুমিত জাতিত্ব, বর্ণ, ওজন, জাতীয়তার উৎস, জাতিগত দল, ধর্ম, ধর্মীয় আচার, প্রতিবন্ধিত্ব, যৌন পক্ষপাত, লিঙ্গ ও যৌনতা। এই সংজ্ঞা প্রসঙ্গে "হুমকি, ভীতিপ্রদর্শন বা অসদাচারণ" পদের অন্তর্ভুক্ত হবে মৌখিক ও মৌখিক-বহির্ভূত ক্রিয়াকলাপ।

হয়রানি এবং/অথবা বুলি নানারূপে হতে পারে এবং শারীরিক, মুখে না বলে, মৌখিক অথবা লিখিত হতে পারে। এটি একটি ঘটনায় কিংবা ধারাবাহিক সম্পর্কযুক্ত ঘটনায় সংঘটিত হতে পারে। লিখিত বৈষম্যকরণ, হয়রানি, ভীতি প্রদর্শন এবং/অথবা বুলির অন্তর্ভুক্ত হলো ইলেক্ট্রনিক পদ্ধতিতে প্রেরিত চিঠিপত্র ও সাইবারবুলি (যেমন যোগাযোগ প্রযুক্তি ব্যবহার করে, তবে তা শুধু এখানে উল্লিখিতগুলোতে সীমাবদ্ধ নয়: ইন্টারনেট, সেলফোন, ইমেইল, পার্সোনাল ডিজিটাল অ্যাসিস্ট্যান্ট হ্যান্ডহেল্ড ডিভাইস, সোশাল মিডিয়া, ব্লগ, চ্যাট রুম, এবং গেমিং সিস্টেম।)

## বুলি কোন দ্বন্দ্ব নয়

দ্বন্দ্ব হলো এমন একটি সংঘাত যা দুই বা ততোধিক ব্যক্তির মধ্যে ঘটে এবং যেখানে প্রতিপক্ষের ধারণা যে, তাদের লক্ষ্য অথবা আকাঙ্ক্ষার গড়মিল রয়েছে। পারস্পরিক কর্মকাণ্ডের সময়ে স্বাভাবিকভাবে দ্বন্দ্ব ঘটতে পারে। এটি জীবনের স্বাভাবিক ঘটনা যে আমরা অনেক সময়ই অনেক বিষয়ে, অনেক চিন্তায় অথবা আমরা যেভাবে কোন একটি জিনিস করতে চাই সেসব ব্যাপারে অন্যের সাথে একমত হবো না।

শিক্ষার্থীদের মাঝে অধিকাংশ দ্বন্দ্ব দেখা দেয় যখন তারা ভিন্ন দৃষ্টিকোণ থেকে কোন একটি পরিস্থিতিতে দেখে। আমরা দ্বন্দ্বে সংশ্লিষ্ট ব্যক্তিদের কীভাবে বিবরণ দেই সেটি একটু দেখা যাক: "তারা মাথা ঠুকছিলো"; "তারা একে অপর দিকে তেড়ে আসছিলো"; "সে একটা বলছিলো, তারা বলেছিলো আরেকটা।" এইসব ক্ষেত্রে, উভয়েই সমানভাবে "নিজেদের কথা বলছে।"

দ্বন্দ্ব দেখা দিলে মানুষ হতাশ এবং রাগান্বিত হতে পারে। প্রত্যেক ব্যক্তির আবেগগত অনুভূতি তুলনামূলকভাবে সমান হতে পারে কারণ উভয়েই নিজের উদ্দেশ্য পূরণে প্রতিযোগিতা করছে। উত্তেজনাকর মুহূর্তে, একজনের অথবা উভয়ের আবেগ দ্বন্দ্বকে বাড়িয়ে তুলতে পারে। আমরা সকলে অনেক দ্বন্দ্ব সম্পর্কেই অবহিত যেখানে মানুষ একে অপরকে আঘাত দেবার জন্য অনেক কথা বলে, পরে আবার যার জন্যে তারা অনুতপ্তও হয়।

দ্বন্দ্বে জড়িত ব্যক্তিগণ চায় দ্বন্দ্বটি নিরসন হোক। প্রত্যেকে নিজে চায় সেটিকে প্রতিষ্ঠিত রাখতে এই "আগে পিছের" ঘটনা ঘটে। উভয়ের চাহিদা পূরণ করা যায়, এমন দ্বন্দ্ব নিরসনের দক্ষতা যখন এক বা উভয় পক্ষের থাকে, তখন অধিকাংশ ক্ষেত্রে ঐ দুই ব্যক্তির মাঝে একই ধরনের দ্বন্দ্বের পুনরাবৃত্তি হবার আশঙ্কা থাকে না।

শুরুতে ফিরে যান

# শৃঙ্খলা পদ্ধতি

## স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থা

স্কুলগুলো বিভিন্ন ধরনের শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণ করতে পারে যা শিক্ষার্থী অসদাচরণে তাদের দায়বদ্ধ রাখে এবং যা ক্লাসরুম থেকে শিক্ষার্থীকে অপসারণ না করে অথবা তাকে বিকল্প কোন শিক্ষানির্দেশনার সাইটে অ্যাসাইনমেন্ট না দিয়েও সম্ভব। এইসব প্রাথমিক শৃঙ্খলাজনিত ব্যবস্থা প্রোগ্রেসিভ ল্যাডার অব সাপোর্ট এবং ডিসিপ্লিনারি রেসপন্স-এ বর্ণিত আছে। কোন স্কুলের শৃঙ্খলাজনিত ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্তে অবশ্যই অসদাচরণের প্রকৃতি এবং সেটি কতটা গুরুতর সেসব ছাড়াও অন্য কয়েকটি বিষয় বিবেচনা নিতে হবে।

## সাসপেনশন এবং শিক্ষক কর্তৃক অপসারণ

চ্যান্সেলরের প্রবিধান, স্টেট এডুকেশন আইন এবং ফেডারেল আইনের সাথে অবশ্যই সঙ্গতি রেখে বস্তুনিষ্ঠ এবং প্রক্রিয়াগতভাবে সকল ক্লাসরুম সাসপেনশন এবং অপসারণ কার্যকর হবে। (দ্রষ্টব্য: নিয়মিত স্কুল বছরের সময় থেকে সামার স্কুলের শিক্ষার্থী শৃঙ্খলা বিধান ভিন্ন এবং পৃথকভাবে ইস্যুকৃত হয়।) শিক্ষার্থীর রেকর্ডে অন্তর্ভুক্ত করা সকল তথ্য অবশ্যই চ্যান্সেলরের প্রবিধান A-443 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) অনুযায়ী লিপিবদ্ধ হবে। সাসপেনশন থেকে ফিরে আসা শিক্ষার্থীদেরকে স্কুল সহায়তা প্রদান করবে সেটিই প্রত্যাশিত যাতে স্কুল কম্যুনিটির সামাজিক এবং অ্যাকাডেমিক মান পূরণে তারা তাদের সর্বোচ্চ ক্ষমতা কাজে লাগাতে পারে।

সকল স্কুলে শিক্ষার্থীদেরকে পাঁচ দিনের অধিক সাসপেনশন দিতে পারেন অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত অন্য কোন ব্যক্তি, অথবা এলিমেন্টারি এবং মিডল্ স্কুলের ক্ষেত্রে কম্যুনিটি সুপিরিনটেনডেন্ট। প্রাসঙ্গিক সূত্র উল্লেখের সুবিধার জন্য, “সুপারিনটেনডেন্টের সাসপেনশন” শব্দ দুটি এই নথির সব জায়গায় ব্যবহার করা হয়েছে যা দিয়ে অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি প্রদত্ত সাসপেনশন এবং কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক প্রদান করা সাসপেনশন - উভয়ই বোঝায়।

20-এর চাইতে বেশি দিনের জন্য (আরও তথ্যের জন্য 24-25 নং পৃষ্ঠা দেখুন) সুপারিনটেনডেন্টের সাসপেনশন দেওয়া যেতে পারে শুধু যখন আইনি বাধ্যবাধকতা থাকে বা 5 স্তরের বিধিভঙ্গ ঘটে যাতে গুরুতর বিপজ্জনক বা সহিংস আচরণ সংঘটিত হয় যেখানে পরিস্থিতির প্রয়োজনে দীর্ঘতর সময়ের সাসপেনশন আবশ্যক হয়। 20 দিন স্কুল দিবসের বেশি সকল সাসপেনশনের ক্ষেত্রে অফিস অভ সেফটি এন্ড ইউথ ডেভেলপমেন্ট-এর সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর কিংবা চ্যান্সেলরের অন্য কোনো ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা কমিউনিটি সুপারিনটেনডেন্টের অনুমোদনের প্রয়োজন হবে।

## প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থীদের জন্য বাড়তি সুরক্ষা

প্রতিবন্ধিতাযুক্ত শিক্ষার্থী, 504 বিশেষ ব্যবস্থা, অথবা যাদের “ধরা হয় যে প্রতিবন্ধিতা আছে” তারা IDEA-এর অধীনে নির্দিষ্ট প্রক্রিয়াগত সুরক্ষা লাভের অধিকার রাখে (Chancellor's Regulation A-443 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন। একজন শিক্ষার্থীকে প্রতিবন্ধী ধরা হয় তখনই যখন শিক্ষার্থীর পিতামাতা লিখিতভাবে তার বিশেষ শিক্ষা এবং/অথবা সম্পর্কিত পরিসেবার চাহিদার ব্যাপারে উদ্বেগ প্রকাশ করেন, পিতামাতা লিখিতভাবে তার সন্তানের মূল্যায়নের অনুরোধ জানান, পিতামাতা অথবা স্কুল কর্মীগণ শিক্ষার্থীর আচরণের প্যাটার্ন সম্পর্কে উৎকণ্ঠিত হন অথবা শিক্ষার্থীকে প্রাথমিক মূল্যায়নের জন্য রেফার করা হয়।

## ম্যানিফেস্টেশন ডিটারমিনেশন রিভিউ (MDR)

একটি মেনিফেস্টেশন ডিটারমিনেশন পর্যালোচনা (MDR) পরিচালিত হয় তখনই যখন কোন প্রতিবন্ধী শিক্ষার্থী অথবা কোন শিক্ষার্থী যার প্রতিবন্ধিতা আছে বলে ধরা হয় তার জন্য শৃঙ্খলাজনিত পরিবর্তনের প্রয়োজন হয়, যাতে নির্ধারণ করা যায় যে আচরণটির সাথে শিক্ষার্থীর প্রতিবন্ধিতার সরাসরি অথবা পর্যাপ্ত সম্পর্ক আছে কিনা এবং/অথবা আইইপি বা সেকশন 504 বিশেষ সুবিধা পরিকল্পনা বাস্তবায়নে ব্যর্থতার সরাসরি ফল কিনা। যদি শিক্ষার্থীর আচরণ শিক্ষার্থীর প্রতিবন্ধিতার প্রকাশ হয়, তাহলে শিক্ষার্থীকে তার আচরণের জন্য কিছু ব্যতিক্রম ছাড়া, শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গ্রহণ করা না হতে পারে। যদি শিক্ষার্থীর আচরণ শিক্ষার্থীর প্রতিবন্ধিতার প্রকাশ না হয়, তাহলে শিক্ষার্থীকে তার আচরণের জন্য শৃঙ্খলাবিধানমূলক পদক্ষেপ গ্রহণ করা হতে পারে।

স্থান পরিবর্তনের মতো শৃঙ্খলাজনিত পরিবর্তনের ঘটনা তখনই ঘটে যখন নিম্নলিখিত কারণে তাকে নিয়মিত কর্মসূচি থেকে অপসারণ করা হয়:

(1) সুপারিনটেনডেন্টের সাসপেনশন হিসেবে লাগাতার 10-এর অধিক দিনের জন্য;

(2) তিন বা অধিক শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থার (সুপারিনটেনডেন্টের সাসপেনশন, প্রিন্সিপ্যালের সাসপেনশন, এবং/অথবা শিক্ষক কর্তৃক অপসারণ) ফল হিসেবে 40-স্কুল দিবসের মধ্যে মোট 10-এর অধিক দিবসের জন্য ; কিংবা

(3) অপসারণের একটি বিশেষ রূপ (প্যাটার্ন) বলে প্রিন্সিপ্যাল গণ্য করলে শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থার ফলে একটি স্কুল বছরে সর্বমোট 10 স্কুল দিবসের জন্য।

আরও তথ্যের জন্য NYCDOE আচরণগত সহায়তা ওয়েবপেজ (https://www.schools.nyc.gov/special-education/supports-and-services/behavior-supports) দেখুন।

## ফাংশনাল বিহেভিয়র অ্যাসেসমেন্টস (FBA) এবং বিহেভিয়র ইন্টারভেনশন প্ল্যানস (BIP)

IEP-যুক্ত একজন শিক্ষার্থীর বিরুদ্ধে যদি কোন শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা নেয়া হয় এবং নির্ধারিত হয় যে, তার প্রতিবন্ধিতার বহিঃপ্রকাশই তার আচরণ, তাহলে একটি ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট (কার্যকর আচরণগত মূল্যায়ন) পরিচালিত অথবা তা হালনাগাদ করা হবে এবং একটি BIP প্রণয়ন অথবা তা সংশোধণ করা হবে। এছাড়া, এমন কী যদি নির্ধারিত হয় যে কোন এক শিক্ষার্থীর আচরণ তার প্রতিবন্ধিতার বহিঃপ্রকাশ নয়, তাহলে একটি ফাংশনাল বিহেভিয়রাল অ্যাসেসমেন্ট শিক্ষার্থীর আচরণ অধিক বিশদভাবে বুঝতে সহায়ক হতে পারে।

একটি ব্যবহারিক আচরণগত মূল্যায়ন (FBA) এমন একটি মূল্যায়ন যা কোন শিক্ষার্থীর শিক্ষণ প্রক্রিয়া বাধাগ্রস্থ করে, এমন আচরণের কারণ ও শিক্ষার্থীর সে আচরণ কীভাবে তার পরিবেশের সাথে সম্পর্কযুক্ত, তা নিশ্চিত হতে চায়।

এফবিএ-র ভিত্তি হবে ড্যাটার বহুবিধ সূত্র, যা বিভিন্ন পরিবেশ এবং দিনের বিভিন্ন সময় থেকে সংগ্রহ করা হবে, এর অন্তর্ভুক্ত, কিন্তু এতেই সীমাবদ্ধ নয়: শিক্ষার্থীকে সরাসরি পর্যবেক্ষণ থেকে লব্ধ তথ্য; শিক্ষার্থী, শিক্ষার্থীর শিক্ষক(দের) কাছ থেকে প্রাপ্ত তথ্য, সম্পর্কিত পরিষেবা প্রদানকারী(দের) এবং শিক্ষার্থী অন্য যাদের সাথে ইন্টারঅ্যাক্ট করে তাদের থেকে প্রাপ্ত তথ্য; শিক্ষার্থীর রেকর্ড এবং অন্য সূত্র থেকে লভ্য ড্যাটা এবং তথ্য পর্যালোচনা, এর মধ্যে আছে যেকোন প্রসঙ্গিক তথ্য যা শিক্ষার্থীর পিতামাতা/প্রযত্নপ্রদানকারী কর্তৃক প্রদত্ত। একটি এফবিএ অবশ্যই একটি টিম দ্বারা পরিচালিত হবে; প্রিন্সিপ্যাল টিম এবং তার সঞ্চালক নির্ধারণ করবেন।

একটি আচরণগত মধ্যস্থতার পরিকল্পনা (BIP) যা নির্ভর করে এফবিএ-র ফলাফলের উপর এবং এটিতে ন্যূনতম যা অন্তর্ভুক্ত থাকে তা হলো: সমস্যাগ্রস্ত আচরণের বিবরণ; এমন আচরণ শিক্ষার্থী কেন করছে সে সম্পর্কিত সামগ্রিক এবং নির্দিষ্ট কিছু অনুমিত ধারণা; এবং হস্তক্ষেপের কৌশল যার মধ্যে আছে এ ধরনের আচরণের প্রতিকারে ইতিবাচক আচরণগত সহায়তা। আচরণের ঘটনা প্রতিরোধ করতে অর্থাৎ বার বার সেটি যেন না হয় BIP অবশ্যই মধ্যস্থতার কৌশলসমূহ শনাক্ত করবে, এবং শিক্ষার্থীকে পৃথক বিকল্প এবং মানানসই আচরণ শিক্ষা দেবে, এবং লক্ষ্য-স্থিরকৃত অনুপযুক্ত আচরণ(সমূহ) এবং বিকল্প গ্রহণযোগ্য আচরণ(সমূহের) জন্য কী ব্যবস্থা গ্রহণ করা হতে পারে, সেটি জানাবে। কার্যসম্পাদনার একটি মাপকাঠি প্রতিষ্ঠা করতে বেসলাইন ড্যাটা (মৌলিক উপাত্ত) অবশ্যই ব্যবহার করত হবে এবং তার আলোকে হস্তক্ষেপের কার্যকারিতার মূল্যায়নও করতে হবে। একই ড্যাটা সংগ্রহের পরিমাপ (কত ঘনঘন, কতটা প্রখর, কত সময়ব্যাপী এবং/অথবা কতটা প্রচ্ছন্ন) ব্যবহার করে BIP অবশ্যই মনিটর করতে হবে (এবং পিতামাতার কাছে তা রিপোর্ট করতে হবে) যা FBA-র জন্য বেসলাইল ড্যাটা সংগ্রহে ব্যবহৃত হয়েছে। পরিবর্তিত আচরণ বৃদ্ধির পাশাপাশি সমস্যাজনিত আচরণ হ্রাসের জন্য এই লক্ষ্য নির্ধারণ।

FBA পরিচালনার পর, FBA-র ফলাফল পর্যালোচনার জন্য IEP টিমের সভা আহ্বান করতে হবে, আরেকটি সঙ্গতিসম্পন্ন BIP প্রণয়ন করা হবে (যদি যথাযথ হয়), এবং যদি শিক্ষার্থীর আচরণসংশ্লিষ্ট সমস্যার জন্য ব্যবস্থা গ্রহণ করতে হয়ে, তাহলে হস্তক্ষেপ, বিশেষ ব্যবস্থা বা অন্য কোন প্রোগ্রাম পরিবর্তনসহ কোন বিশেষ যন্ত্র বা পরিষেবা যদি প্রয়োজন হলে সেটা প্রতিফলনের জন্য শিক্ষার্থীর ব্যক্তিক শিক্ষা কর্মসূচি (IEP) হালনাগাদ করতে হবে।

শুরুতে ফিরে যান

## শৃঙ্খলাজনিত ব্যবস্থাগ্রহণ

প্রাতিষ্ঠানিক পুনুরুদ্ধার কনফারেন্সের ব্যবহারসহ বিভিন্ন শৃঙ্খলাজনিত বিকল্প ব্যবস্থার জন্য অনুগ্রহ করে প্রোগ্রেসিভ ল্যাডার অব সাপোর্ট এবং ডিসিপ্লিনারি রেসপন্স (11–12 নং পৃষ্ঠায়) দেখুন।

সকল শৃঙ্খলাজনিত ব্যবস্থা অবশ্যই আরোপিত হবে এবং শিক্ষার্থীর রেকর্ডে সকল সংযোজন অবশ্যই করতে হবে চ্যান্সেলরের প্রবিধান A-443 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations)-এর প্রক্রিয়াগত শর্ত অনুযায়ী এবং তা সমন্বিত হবে কোন নির্দিষ্ট লঙ্ঘনের জন্য অনুমোদিত বিভিন্ন শৃঙ্খলাজনিত ব্যবস্থা হিশেবে। স্কুলগুলির কাছে প্রত্যাশা যে, শিক্ষক কর্তৃক অপসারণ, প্রিন্সিপ্যালের সাসপেনশন অথবা সুপারিনটেনডেন্টের সাসপেনশন আরোপ করার আগে তারা যতটা সম্ভব এবং যথাযথভাবে সহায়তা এবং মধ্যস্থতা ও অপসারণহীন শৃঙ্খলা ব্যবস্থার ব্যবহার করবে।

নিম্নলিখিত শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থার সাথে যুক্তভাবে একটি প্রথাগত সংশোধন বৈঠক ও ওয়েলকাম-ব্যাক সার্কেল (সংজ্ঞা দেখুন 17 নং পৃষ্ঠায়) হস্তক্ষেপমূলক ব্যবস্থা হিসেবে ব্যবহার করা যেতে পারে।

### স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থা

স্কুলের ভিতরে গৃহীত শৃঙ্খলাজনিত ব্যবস্থার মধ্যে থাকতে পারে ডিটেনশন বা পাঠ্যক্রম বর্হিভূত কর্মকাণ্ড অথবা কম্যুনাল মধ্যাহ্নভোজ থেকে বহিষ্কার। স্কুলের ভিতরের এসব ব্যবস্থা যদি গৃহীত হয়, তাহলে সেগুলি অবশ্যই ক্লাসের সময়ে নেয়া যাবে না, যাতে শিক্ষার্থী শিক্ষা-সময় বঞ্চিত না হয়, এবং এবং তা অবশ্যই হতে হবে NYCDOE ওয়েলনেস পলিসি (https://infohub.nyced.org/reports-and-policies/policies/doe-wellness-policy) অনুযায়ী।

### ক্লাসরুম থেকে শিক্ষক কর্তৃক অপসারণ

শিক্ষা প্রক্রিয়ায় উল্লেখযোগ্য ব্যাঘাত অথবা ক্লাসরুমে শিক্ষকের কর্তৃত্বে উল্লেখযোগ্য বিঘ্ন সৃষ্টিকারী আচরণে সংশ্লিষ্ট কোন শিক্ষার্থীকে শিক্ষক এই বিধিতে উল্লিখিত শৃঙ্খলাজনিত বিকল্পসমূহের সাথে সমন্বিতভাবে ক্লাসরুম থেকে অপসারণ করতে পারেন। অপসারিত সকল শিক্ষার্থী শুধু অপসারণের জন্য অনুরোধকারী শিক্ষকের ক্লাস ছাড়া অবশ্যই অন্যান্য শিক্ষকদের ক্লাসে (যেমন, মিউজিক, আর্ট, সায়েন্স) যোগদানের জন্য অনুমোদিত হবে।

অপসারিত শিক্ষার্থীদেরকে স্কুলের ভিতরে অন্য কোন স্থানে পাঠিয়ে দেয়া হবে যেখানে তাদেরকে অব্যাহত শিক্ষানির্দেশনা পরিষেবা প্রদান করা হবে যার অন্তর্ভুক্ত ক্লাসওয়ার্ক এবং হোমওয়ার্ক। শিক্ষার্থী অসদাচরণের প্রতিটি ঘটনা অবশ্যই পৃথকভাবে দেখা হবে, শিক্ষক অপসারণ বাস্তবায়নের আগে যথাযথ সহায়তা এবং মধ্যস্থতার পাশাপাশি শৃঙ্খলাবিধানমূলক ব্যবস্থা A-E (12 নং পৃষ্ঠা দেখুন) ব্যবহার করে উল্লেখযোগ্য বিঘ্নসৃষ্টিকারী ক্লাসরুম আচরণ সমস্যা সমাধানের সব চেষ্টাই করা হবে।

- নিউ ইয়র্ক এডুকেশন ল, সেকশন 2801 (https://www.nysenate.gov/legislation/laws/EDN/2801) অনুসারে, কোনো 3–5 গ্রেডের শিক্ষার্থীকে এক সেমেস্টারে যদি কোনও শিক্ষক চার (4) বার অথবা এক ট্রাইমেস্টারে তিন (3) বার ক্লাসরুম থেকে অপসারণ করেন, তাহলে অবশ্যই তার পরবর্তী অসদাচরণে সংশ্লিষ্টতার জন্য প্রিন্সিপ্যালের ন্যূনতম 1 দিনের সাসপেনশন আরোপ করতে হবে যা অন্যথায় সে শিক্ষক কর্তৃক সেই সেমেস্টারে অথবা ট্রাইমেস্টারে অপসারণ হতে পারতো। উদাহরণ হিশেবে, যে শিক্ষার্থী অন্যথায় এক সেমেস্টারে 5 (পঞ্চম) বারের মতো অপসারিত হবে, সে এর পরিবর্তে অবশ্যই প্রিন্সিপ্যালের সাসপেনশন পাবে। প্রিন্সিপ্যালের সাসপেনশন অরোপের জন্য অবশ্যই শর্তগুলি অনুসরণ করতে হবে।

  Note: গ্রেড 3-এর কোন শিক্ষার্থীর জন্য সাসপেনশন আরোপ করতে হলে প্রিন্সিপ্যালদের অবশ্যই অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট অফিস OSYD-এর সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টরের অনুমোদন নিতে হবে।

### প্রিন্সিপ্যালের সাসপেনশন

যে আচরণ শিক্ষার্থীর নিজের, অন্য শিক্ষার্থীর অথবা স্কুল কর্মীদের শারীরিক আহত হওয়ার মতো স্পষ্ট এবং তাৎক্ষণিত বিপদ নিয়ে আসে, অথবা শান্তিপূর্ণ ক্লাস পরিচালনায় অথবা অন্যান্য স্কুল কর্মকাণ্ডে বিঘ্ন ঘটায়, তাহলে এই শঙ্খলাবিধির নিয়ম অনুসারে প্রিন্সিপ্যালের ক্ষমতা আছে কোন শিক্ষার্থীকে এক থেকে পাঁচ স্কুল দিবসের জন্য সাসপেন্ড করার। প্রিন্সিপ্যালের সাসপেনশন আরোপের আগে সহায়তা এবং হস্তক্ষেপের মাধ্যমে অনুপযুক্ত শিক্ষার্থী আচরণ সমস্যা সমাধানে অবশ্যই যৌক্তিক প্রচেষ্টা করতে হবে।

সাসপেন্ডকৃত শিক্ষার্থীদেরকে অবশ্যই শিক্ষা-নির্দেশনা প্রদান করা হবে – এর অন্তর্ভুক্ত স্কুলের ভিতরে কোন বিকল্প স্থানে হোমওয়ার্ক এবং ক্লাসওয়ার্ক অ্যাসাইন করা।

## সুপারিনটেনডেন্টের সাসপেনশন

একজন সুপারিনটেনডেন্টের সাসপেনশন পাঁচ স্কুল দিবসের অধিক সময়ের হতে পারে এবং এমন ধরনের আচরণের জন্য তা চাওয়া হয় যা শৃঙ্খলা বিধিতে অনুমোদিত রয়েছে।

সুপারিনটেনডেন্টের সাসপেনশন প্রাপ্ত কোন শিক্ষার্থী অবশ্যই একটি শুনানির সুযোগ লাভ করবে যেখানে শিক্ষার্থীর তার নিজের পক্ষের প্রমাণ এবং সাক্ষী উপস্থাপন এবং স্কুলের পক্ষের সাক্ষীদেরকে প্রশ্ন করার সুযোগ থাকবে।

স্কুল যদি অভিযোগ প্রমাণ করতে পারে এবং সাসপেনশন দণ্ড অপরিবর্তিত থাকে, অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট নিচে ও পরিবর্তী পৃষ্ঠাগুলোতে বর্ণিত যেকোন একটি ব্যবস্থা নিতে পারবেন।

- অবিলম্বে পুনর্বহাল
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট-এর চিফ এক্সিকিউটিভ ডিরেক্টর অফিসার অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট শিক্ষার্থীকে ফিরে আসার পর ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ (17 নং পৃষ্ঠা দেখুন) আবার দ্রুত তার সাসপেন্ডকৃত স্কুলে তার দণ্ডের সিদ্ধান্ত বহাল রেখে পুনর্বাসন করতে পারেন।

- নির্ধারিত 6-10 স্কুল দিবসের জন্য সাসপেনশন
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট স্কুল থেকে শিক্ষার্থীর নির্ধারিত 6-10 স্কুল দিবসের সাসপেনশনের আদেশ দিতে পারেন যে সময়ে সে স্কুল বিল্ডিংয়ের বাইরে অন্য কোন স্থানে বিকল্প শিক্ষা লাভের সুযোগ পাবে। সাসপেশনের সময় সমাপ্ত হওয়ার পর শিক্ষার্থীকে অবশ্যই ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ (17 নং পৃষ্ঠা দেখুন) তার মূল স্কুলটিতে পুনর্বহাল করতে হবে।

- নির্ধারিত 11-15 স্কুল দিবসের জন্য সাসপেনশন
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট স্কুল থেকে শিক্ষার্থীর নির্ধারিত 11-15 স্কুল দিবসের সাসপেনশনের আদেশ দিতে পারেন যে সময়ে সে স্কুল বিল্ডিংয়ের বাইরে অন্য কোন স্থানে বিকল্প শিক্ষা লাভের সুযোগ পাবে। সাসপেশনের সময় সমাপ্ত হওয়ার পর শিক্ষার্থীকে অবশ্যই ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ (17 নং পৃষ্ঠা দেখুন) তার মূল স্কুলটিতে পুনর্বহাল করতে হবে।

- নির্ধারিত 16-20 স্কুল দিবসের জন্য সাসপেনশন
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট স্কুল থেকে শিক্ষার্থীর নির্ধারিত 16-20 স্কুল দিবসের সাসপেনশনের আদেশ দিতে পারেন যে সময়ে সে স্কুল বিল্ডিংয়ের বাইরে অন্য কোন স্থানে বিকল্প শিক্ষা লাভের সুযোগ পাবে। সাসপেশনের সময় সমাপ্ত হওয়ার পর শিক্ষার্থীকে অবশ্যই ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ (17 নং পৃষ্ঠা দেখুন) তার মূল স্কুলটিতে পুনর্বহাল করতে হবে।

## সুপারিনটেনডেন্টের সাসপেনশনের ক্ষেত্রে চ্যান্সেলর বা চ্যান্সেলরের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি কিংবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট-এর অনুমোদনের বাধ্যবাধকতার জন্য বিভিন্ন বিকল্প মীমাংসা

20-এর চাইতে বেশি দিনের জন্য সুপারিনটেনডেন্টের সাসপেনশন দেওয়া যেতে পারে শুধু যখন আইনি বাধ্যবাধকতা থাকে বা 5 স্তরের বিধিভঙ্গ ঘটে যাতে গুরুতর বিপজ্জনক বা সহিংস আচরণ সংঘটিত হয় যেখানে পরিস্থিতির প্রয়োজনে দীর্ঘতর সময়ের সাসপেনশন আবশ্যক হয়। মারাত্মক বিপজ্জনক এবং/অথবা সহিংস আচরণের অন্তর্ভুক্ত হতে পারে সেসব ব্যবহার যার থেকে মারাত্মক শারীরিক ক্ষত বা অপরকে যৌন কর্মকাণ্ডে লিপ্ত হতে বল প্রয়োগের ঘটনাও ঘটতে পারে। 20 দিন স্কুল দিবসের বেশি সকল সাসপেনশনের ক্ষেত্রে অফিস অভ সেফটি এন্ড ইউথ ডেভেলপমেন্ট-এর সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর কিংবা চ্যান্সেলরের অন্য কোনো ভারপ্রাপ্ত ব্যক্তি অথবা কমিউনিটি সুপারিনটেনডেন্টের অনুমোদনের প্রয়োজন হবে। যেখানে 20 স্কুল দিবসের অধিক দিবসের জন্য সাসপেনশন অনুমোদিত হয়, সেখানে নিম্নলিখিত বিভিন্ন বিকল্প শাস্তিমূলক ব্যবস্থার যুযোগ থাকে:

- 21–39 স্কুল দিবসের বর্ধিত সাসপেনশন
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কোন শিক্ষার্থীকে স্কুল থেকে 21-39 স্কুল দিবসের সাসপেনশনের আদেশ দিতে পারেন যে সময়ে সে

স্কুল বিল্ডিংয়ের বাইরে অন্য কোন স্থানে বিকল্প শিক্ষা লাভের সুযোগ পাবে। সাসপেশনের সময় সমাপ্ত হওয়ার পর শিক্ষার্থীকে অবশ্যই ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ (17 নং পৃষ্ঠা দেখুন) তার মূল স্কুলটিতে পুনর্বহাল করতে হবে।

- প্রথমে 30 দিন ও পরবর্তিতে প্রতি 15 দিন পর পর স্বতোক্রিয় পর্যালোচনাসহ 40-180 স্কুল দিবসের জন্য সম্প্রসারিত সাসপেনশন
  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট একজন শিক্ষার্থীকে 40-180 স্কুল দিবসের সাসপেনশনের আদেশ দিতে পারেন এবং প্রথমে 30 দিন পর ও পরবর্তিতে প্রতি 15 স্কুল দিবস পর পর অগ্রীম পুনর্বাসনের স্বতোক্রিয় রিভিউসহ একটি বিকল্প শিক্ষার সাইটে পাঠাতে পারেন। শিক্ষার্থীর পুনর্বাসনের তারিখ নির্ধারণে, অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি, যতটা সম্ভব, তার শিক্ষা অব্যাহত রাখা নিশ্চিত করতে স্কুলের ক্যালেন্ডার বিবেচনা করবেন। অগ্রীম পুনর্বাসন অনুমোদিত না হলে, শিক্ষার্থীকে তার বাকি সাসপেনশন সময়ের জন্য বিকল্প শিক্ষার সাইটেই কাটাতে হবে, এবং সাসপেনশনের শেষে ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ সাসপেন্ডকৃত স্কুলে অবশ্যই পুনর্বাসন করা হবে।

- অগ্রীম পুনর্বাসনের জন্য প্রথমে 60 দিনের, পরবর্তিতে প্রতি 30 দিন অন্তর অন্তর স্বতোক্রিয় পর্যালোচনাসহ এক বছরের সাসপেনশন
  1994-এর ফেডারেল গান-ফ্রি (অগ্নেয়াস্ত্র-মুক্ত) স্কুল আইন অনুসারে, কোন শিক্ষার্থী যদি স্কুলে আগ্নেয়াস্ত্র, বোমা অথবা অন্য বিস্ফোরক (ক্যাটেগরি 1-এ যেভাবে বর্ণিত আছে) এনেছে অথবা বহন করছে বলে স্থির হয়, তাকে এক বছরের চেয়ে কম নয় এমন সময়ের জন্য অবশ্যই সাসপেন্ড করা হবে। অফিস অভ সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট (যেমনটি অগ্নেয়াস্ত্র-মুক্ত স্কুলস্ আইনে বর্ণিত আছে) ঘটনাগুলোর জন্য লিখিতভাবে, আলাদা আলাদা করে, একজন শিক্ষার্থীর ফিরে আসার পর একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ এই সাসপেনশন পরিবর্তন করতে পারেন।

  অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট একজন শিক্ষার্থীকে এক বছরের সাসপেনশনের আদেশ দিতে পারেন এবং সাসপেন্ডকারী স্কুলে পুনর্বহালের জন্য প্রথমে 60 দিন পর ও পরবর্তিতে প্রতি 30 স্কুল দিবস পর পর অগ্রীম পুনর্বাসনের স্বতোক্রিয় রিভিউসহ একটি বিকল্প শিক্ষার সাইটে পাঠাতে পারেন। অগ্রীম পুনর্বাসন অনুমোদিত না হলে, শিক্ষার্থীকে তার বাকি সাসপেনশন সময়ের জন্য বিকল্প শিক্ষানির্দেশনা সাইটেই থাকতে হবে, এবং সাসপেনশনের শেষে ফিরে আসার পর (17 নং পৃষ্ঠায় দেখুন)একটি ওয়েলকাম-ব্যাক সার্কেলসহ সাসপেন্ডকৃত স্কুলে অবশ্যই পুনর্বাসন করা হবে।

- বহিষ্কার (স্কুল বছর শুরুর আগে, অর্থাৎ 1 জুলাই, যেসকল শিক্ষার্থীর বয়স 17 বছর হয়েছে, সেসব শুধু সাধারণ শিক্ষার শিক্ষার্থীদের জন্য)
  স্কুল বছর শুরুর আগে যেসকল শিক্ষার্থীর বয়স 17 হয়েছে শুধুমাত্র সেইসব সাধারণ শিক্ষার শিক্ষার্থীদেরকে অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপরিনটেনডেন্ট শুধু নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুল সিস্টেম থেকে এক বছরের জন্য বহিষ্কার করতে পারেন।

## সাসপেনশনের সময় এবং সাসপেনশন থেকে ফেরার পর শিক্ষার্থীদের জন্য সহায়তা

সাসপেনশনের সময় এবং সাসপেনশন থেকে তাদের নিজের স্কুলে ফেরার সময় স্কুলগুলি অবশ্যই শিক্ষার্থীদেরকে যথাযথ সহায়তা প্রদান করবে যাতে তারা তাদের সর্বোচ্চ ক্ষমতা দিয়ে স্কুল কম্যুনিটিতে তাদের সামাজিক/আচরণগত এবং অ্যাকাডেমিক মান পূরণ করতে পারে। সকল মিডল্ এবং হাই স্কুল স্তরে, যেসব শিক্ষার্থী সুপারিনটেনডেন্টের সাসপেনশন ভোগ করছে তাদেরকে বিকল্প শিক্ষা কেন্দ্রে (ALC) পাঠনো হয়। ALC-তে, শিক্ষার্থীরা উল্লেখযোগ্য সহায়তা এবং হস্তক্ষেপসহ প্রতিদিন অ্যাকাডেমিক শিক্ষা-নির্দেশনা লাভ করবে। IEP-যুক্ত শিক্ষার্থীদেরকে অবশ্যই যথাযথ স্পেশাল এডুকেশন পরিষেবা প্রদান করতে হবে যা শিক্ষার্থীর আইইপি লক্ষ্য পূরণে সহায়ক হবে।

সকল গ্রেড স্তরে লক্ষ্যটি হলো শিক্ষার্থীদের মধ্যে সমাজমুখী মানসিকতা, কৌশল এবং দক্ষতা বৃদ্ধি করে তাদের নিজেদের স্কুল, অথবা নিয়মিত ক্লাসরুমে ফিরিয়ে নেয়ার জন্য প্রস্তুত করা যাতে দৃঢ়তা তৈরি হয় এবং অপরাধ প্রবণতার সম্ভাবনা হ্রাস পায়। শিক্ষার্থীর নিজের স্কুল থেকে সহায়তা অব্যাহত রাখা স্কুলের দায়িত্ব। সহায়তার অন্তর্ভুক্ত থাকতে পারে বিভিন্ন সহায়তা এবং হস্তক্ষেপ অথবা উভয়টির যেকোন কোন একটি মিশ্রণ তাতে অন্তর্ভুক্ত হতে পারে যা নির্দিষ্ট শিক্ষার্থীর চাহিদা সবচেয়ে ভালোভাবে পূরণ করে।

শুরুতে ফিরে যান

## আপিল এবং ট্রান্সফার

### আপিল

সাসপেনশনের বিরুদ্ধে পিতামাতাগণ আপিল করতে পারেন। প্রিন্সিপ্যালগণের সাসপেনশন অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তির কিংবা কম্যুনিটি সুপারিনটেনডেন্টের কাছে আপিল করা যেতে পারে।

সুপারিনটেনডেন্টএর সাসপেনশন (যা অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভালাপমেন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি বা কম্যুনিটি সুপারিনটেনডেন্টে কর্তৃক প্রদত্ত সাসপেনশন) সম্পর্কে চ্যান্সেলরের কাছে আবেদন করা যেতে পারে। আপিল প্রক্রিয়ার সময়সীমা এবং কীভাবে তা করতে হবে সে সম্পর্কিত আরও তথ্যের জন্য চ্যান্সেলরের প্রবিধান A-443 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

### বিভিন্ন ধরনের বদলির সুযোগসমূহ

- স্বেচ্ছা বদলি:
  অফিস অভ এনরোলমেন্টের সহযোগিতায় অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপন্টের সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অথবা চ্যান্সেলরের দায়িত্বে নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কোন শিক্ষার্থীকে পিতামাতার সম্মতিক্রমে অন্য স্কুলে বদলি করতে পারেন। সুরক্ষা সম্পর্কিত বদলির জন্য চ্যান্সেলরের প্রবিধান A-449 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) দেখুন।

- অনিচ্ছাকৃত বদলি:
  যখন কোন শিক্ষার্থীর আচরণ এবং/অথবা অ্যাকাডেমিক রেকর্ড থেকে প্রতীয়মান হয় যে, শিক্ষার্থীর স্কুলের সাথে মানিয়ে নেয়া অসন্তোষজনক এবং প্রিন্সিপ্যাল বিশ্বাস করেন যে বদলি থেকে শিক্ষার্থীর উপকার হবে অথবা অন্য কোথাও সে উপযুক্ত শিক্ষা লাভ করবে, চ্যান্সেলরের প্রবিধান A-450 (https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations/volume-a-regulations) অনুযায়ী অনিচ্ছাকৃত বদলি চাইতে পারেন। একজন প্রতিবন্ধী শিক্ষার্থীকে তার হোম স্কুলে সে যে কর্মসূচি লাভ করছে, সেই একই কর্মসূচির জন্য তার ইচ্ছার বিরুদ্ধে আরেকটি স্কুলে বদলি করা যাবে না। যদি এমন বিশ্বাস হয় যে, প্রতিবন্ধী শিক্ষার্থীর ভিন্ন বিশেষ শিক্ষা কর্মসূচি/সহায়তার চাহিদা আছে কারণ তার আচরণ এবং অ্যাকাডেমিক রেকর্ডে প্রতীয়মান হয়ে যে সে তার বর্তমান স্কুলে মানিয়ে নিতে পারছে না, সেক্ষেত্রে স্কুল একটি IEP মিটিং ডাকতে পারে।

সকল চ্যান্সেলরের প্রবিধান NYCDOE-এর ওয়েবসাইট https://www.schools.nyc.gov/school-life/policies-for-all/chancellors-regulations-এ পাওয়া যেতে পারে।

শুরুতে ফিরে যান

## নিষিদ্ধ সামগ্রী: অস্ত্র

### ক্যাটেগরি I

- আগ্নেয়াস্ত্র, এর মধ্যে আছে পিস্তল, স্টার্টার গান, এবং হ্যান্ডগান, সায়লেন্সার, ইলেক্ট্রনিক ডার্ট, শটগান, রাইফেল, মেশিন গান, অথবা যেকোন ধরনের অস্ত্রশস্ত্র যা এমনভাবে ডিজাইন করা হবে বা হয়েছে যেটি থেকে বিস্ফোরণ প্রক্রিয়ায় তাৎক্ষণিকভাবে কোন কিছু ছোঁড়া যায়।
- স্টান গান/অস্ত্রশস্ত্র
- এয়ার গান, স্প্রিং গান, অথবা অন্য কোন যন্ত্র অথবা অস্ত্র যার মধ্যে পরিচালন শক্তি স্প্রিং অথবা বায়ু, এবং এমন কোন অস্ত্র যার মধ্যে গুলি অথবা খালি কার্তুজ লোড করে ব্যবহার করা যায়(যেমন BB গান অথবা পেইন্টবল গান)
- সুইচব্লেড ছুরি, গ্রাভিটি ছুরি, পাইলাম ব্যালিস্টিক ছুরি এবং ছড়ির আদলে তরবারি (এমন একটি ছড়ি যাতে ছুরি অথবা তরবারি লুকানো থাকে)
- ড্যাগার, স্টিলেটো, ডিরক্, রেজর, বক্স কাটার, কেস কাটার, ইউলিটি নাইফ এবং অন্য সব ধরনের ছুরি
- বিলি ক্লাব, ব্ল্যাকজ্যাক, ব্লাজিওন, চাকা স্টিক, এবং মেটাল নাকলস্
- স্লিং শট বা গুলতি (ছোট, ভারী যা রাবারের পটির সাথে যুক্ত অথবা তা দ্বারা চালিত) এবং স্লাং শট
- মার্শাল আর্টসের উপকরণ - এর মধ্যে আছে কুং ফু স্টারস্, নানচাক এবং শুরিকেন
- বিস্ফোরক দ্রব্য, যেমন বোমা, আতশবাজির সামগ্রী এবং বোম্বশেল

### ক্যাটেগরি II

নোট: ক্যাটেগরি II-এ তালিকাভুক্ত জিনিসগুলো সঙ্গে রাখার কারণে যদি সাসপেনশনের আবেদন হয়ে থাকে সেক্ষেত্রে প্রিন্সিপ্যালকে অবশ্যই আগে দেখতে হবে উদ্দেশ্যটি শারীরিক আঘাত করা বা অন্য কোন উদ্দেশ্য ছিলো কিনা যেমন কারো কাছে নখের ফাইল পাওয়া গেলে দেখতে হবে সেসব উপকরণে কোন শাস্তি হ্রাসের ব্যাপার আছে কিনা। এছাড়া, প্রিন্সিপ্যালকে অবশ্যই বিবেচনায় নিতে হবে কোনো নকল বন্দুক দেখতে কতটা আসল বন্দুকের মতো - তাকে সেটির রং, সাইজ, আকৃতি, দেখতে কেমন এবং ওজন, এই বিষয়সমূহও বিবেচনায় নিতে হবে।

- এসিড অথবা বিদজ্জনক রাসায়নিক দ্রব্য (যেমন পেপার (মরিচ) স্প্রে, মেইস)
- নকল বন্দুক অথবা অন্য কোন ধরনের নকল অস্ত্র
- লোড-করা অথবা খালি কার্টুজ অথব্য অন্য ধরনের গোলাবারুদ
- যেকোন মারণাস্ত্র, বিপজ্জনক, অথবা চার ইঞ্চি বা দীর্ঘতর ধাতব ধারালো চোখা যন্ত্র যা অস্ত্র হিশেবে ব্যবহৃত হয় বা ব্যবহার করা যেতে পারে (যেমন কাঁচি, নখের ফাইল, ভাঙ্গা কাঁচ, চেইন, তার)।

শুরুতে ফিরে যান

## প্রগতিশীল শৃঙ্খলা

শৃঙ্খলাবিধানের বিষয়টিকে “শিক্ষালাভের সময়” হিশেবে মনে করা শৃঙ্খলার প্রতি একটি গুরুত্বপূর্ণ ইতিবাচক দৃষ্টিভঙ্গী। সমাজ-হিতৈষী আচরণ শিক্ষাদানের লক্ষ্য নিয়ে অনুপযুক্ত আচরণ মোকাবেলার জন্য প্রগতিশীল শৃঙ্খলাবিধান ব্যবস্থা ক্রমবর্ধমান হস্তক্ষেপ ব্যবহার করে। প্রগতিশীল শৃঙ্খলা কোন শাস্তি চায় না। তার পরিবর্তে, প্রগতিশীল শৃঙ্খলা দায়বদ্ধতা এবং ইতিবাচক আচরণগত পরিবর্তন প্রত্যাশা করে।.

প্রগতিশীল শৃঙ্খলাবিধানের লক্ষ্য ভুল থেকে শিক্ষার্থীদেরকে শিক্ষা নেয়ায় সহায়তা প্রদান করে নেতিবাচক আচরণের পুনরাবৃত্তি রোধ করা। প্রগতিশীল শৃঙ্খলাবিধান বাস্তবায়নের জন্য নেতিবাচক আচরণে নিয়োজিত শিক্ষার্থীকে সহায়তা প্রদান করা প্রয়োজন। শিক্ষার্থীদের জন্য এর লক্ষ্য হলো:

- কেন আচরণটি মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ নয় এবং এতে কী ক্ষতি হয়, সেটি বুঝানো;
- একই পরিস্থিতিতে তারা অন্য কী করতে পারতো, সেটা বুঝানো;
- তাদের কর্মের জন্য দায় স্বীকার করানো;
- ভবিষ্যতে ব্যবহারের জন্য সমাজ-হিতৈষী কৌশল এবং দক্ষতা শেখার সুযোগ প্রদান; এবং
- এ ধরনের আচরণজনিত ঘটনা আবার ঘটলে আরও কঠোর পরিণতি মোকাবেলা করতে হবে, সেটি বুঝানো।

কাউন্সেলিং এবং অন্য স্কুল-ভিত্তিক মধ্যস্থতা যেমন পুনরুদ্ধারমূলক অনুশীলনীর মাধ্যমে শিক্ষার্থীর আচরণ শোধরানোর যৌক্তিক সব চেষ্টা অবশ্যই করতে হবে। সহায়তা এবং মধ্যস্থতা গুরুত্বপূর্ণ কারণ অনুপযুক্ত আচরণ অথবা শৃঙ্খলা বিধির লঙ্ঘন আরও গুরুতর সমস্যার

লক্ষণস্বরূপ হতে পারে, শিক্ষার্থীরা ইতোমধ্যে যার ভুক্তভোগী। সুতরাং, এটি গুরুত্বপূর্ণ যে, স্কুল কর্তৃপক্ষ যেসব বিষয় শিক্ষার্থীর আচরণকে প্রভাবিত করে সেগুলিকে স্পর্শ কাতর হিশেবে বিবেচনা করবে এবং তাদের চাহিদা অনুযায়ী সর্বাধিক সহায়তা দিয়ে তা মোকাবেলা করবে।

উপযুক্ত শৃঙ্খলা বিষয়ক ব্যবস্থা গ্রহণে প্রতিরোধ এবং কার্যকরী মধ্যস্থতা, শিক্ষার্থীদের শিক্ষায় বিঘ্ন সৃষ্টিতে প্রতিরোধ, এবং ইতিবাচক স্কুল সংস্কৃতি গড়ে তোলার উপর জোর দেয়া উচিত। যখন কোন শিক্ষার্থীর অসদাচরণের পরিণতিতে তাকে ক্লাসরুমের বাইরে রাখা হয়, তখন সম্ভব হলে স্কুলের উচিত শিক্ষার্থীকে তার নিয়মিত কর্মসূচিতে সফলভাবে ফিরিয়ে আনার সহায়তা করার জন্য একটি কার্যকর কৌশল হিশেবে, একটি পুনরুদ্ধারমূলক ওয়েলকাম-ব্যাক সার্কেল প্রক্রিয়া (আরও তথ্যের জন্য পৃষ্ঠা 17 দেখুন) বিবেচনায় করা।

প্রতিবন্ধিতাযুক্ত যেসব শিক্ষার্থী যাদের আচরণ স্কুলে শিক্ষার্থী অংশগ্রহণে বিঘ্ন সৃষ্টি করে, সেসব শিক্ষার্থীর আচরণের কারণ বুঝার জন্য একটি আবশ্যিক মাধ্যম হলো ফাংশনাল বিহেভিয়ারাল অ্যাসেসমেন্ট (কার্যকর আচরণগত মূল্যায়ন, FBA)। FBA-র পর বিহেভিয়ারাল ইন্টারভেনশন প্ল্যান (BIP) বা আচরণগত মধ্যস্থতার পরিকল্পনা শিক্ষার্থীর আচরণ সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের নির্দিষ্ট পদ্ধতি প্রদান করে।

## শৃঙ্খলা সংক্রান্ত ব্যবস্থা গ্রহণের উপায় নির্ধারণ

শৃঙ্খলা সংক্রান্ত কী ব্যবস্থা আরোপ করতে হবে সেটি নির্ধারণে স্কুল কর্তৃপক্ষকে অবশ্যই শৃঙ্খলা বিধি দেখে সিদ্ধান্ত গ্রহণ করতে হবে। অনুপযুক্ত আচরণ নিরোধে সবচেয়ে ভালো কী ব্যবস্থা নেয়া যায় তা নির্ধারণে, আচরণের পরিস্থিতির বিশদ মূল্যায়ন জরুরি। যথাযথ শৃঙ্খলাজনিত ব্যবস্থা নির্ধারণের আগে নিচে উল্লিখিত বিষয়গুলি অবশ্যই বিবেচনায় নিতে হবে:

- শিক্ষার্থীর বয়স এবং পরিপক্কতা;
- শিক্ষার্থীর শৃঙ্খলা সংক্রান্ত রেকর্ড (এর অন্তর্ভুক্ত আগের যেকোন অসদাচরণের ধরন, আগের অসদাচরণ ঘটনার সংখ্যা, এবং প্রতিবারে শৃঙ্খলা ও গাইডেন্স মধ্যস্থতায় কী ব্যবস্থা নেয়া হয়েছিলো সেসব বিষয়);
- আচরণের ধরন, প্রচণ্ডতা এবং ব্যাপ্তি;
- এই আচরণ কোন পরিস্থিতিতে/প্রেক্ষাপটে ঘটেছিলো;
    - উদাহরণস্বরূপ:
        - শিক্ষার্থী বুলি আচরণের বা ক্লাসরুমে বুলির পরিবেশের শিকার হচ্ছিল বা হয়ে আসছিল কি না;
        - শিক্ষার্থী প্রতিক্রিয়া করছিল কি-না কিংবা আত্ম-রক্ষার্থে পদক্ষেপ নিচ্ছিল কি-না;
        - ঘটনা সংঘটনের আগে কোন ইতিবাচক, প্রতিরোধাত্মক পদ্ধতি ব্যবহার করে বিষয়টি নিষ্পত্তির কোন উদ্যোগ নেওয়া হয়েছিল কি-না;
        - অন্যান্য হস্থক্ষেপ, যেমন সদাচারণে সহায়তা ও সংশোধনাত্মক অনুশীলনী সমস্যাকালে শিক্ষার্থীকে স্কুলে অবস্থানের সুযোগ দিয়ে যথাযথভাবে আচরণ নিয়ন্ত্রণ করতে পারে কি-না এবং এ ধরনের হস্তক্ষেপ পূর্বে ব্যবহারের চেষ্টা করা হয়েছে কি-না; এবং
        - শিক্ষার্থীকে বুলি আচরণের লিপ্ত হওয়ার জন্য শাস্তিমূলক ব্যবস্থার মুখোমুখী করা হচ্ছে কি-না, এবং যদি তা-ই হয়, তাহলে সংশোধনাত্মক অনুশীলনী বিদ্যমান আছে কি-না, এবং ঘটনা মীমাংসার উদ্দেশ্যে শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে বহিষ্কারাদেশমূলক শাস্তির চাইতে অধিক কার্যকর হতে পারে, তেমন কোন সংশোধনাত্মক অনুশীলনী প্রক্রিয়া আছে কি-না।
- আচরণের পৌনঃপুনিকতা ও স্থায়িত্বকাল;
- আচরণের সঙ্গে জড়িত ব্যক্তিদের সংখ্যা;
- আচরণে সংশ্লিষ্ট সকল ব্যক্তির সামাজিক মানসিক অবস্থা/চাহিদা; এবং
    - উদাহরণস্বরূপ:
        - পরিবার বা কম্যুনিটির অবস্থা; এবং
        - মাদক ব্যবহার ও নেশাগ্রস্থতা।
- শিক্ষার্থীর IEP (ব্যক্তিক শিক্ষা পরিকল্পনা), BIP (আচরণগত মধ্যস্থতা পরিকল্পনা) এবং/অথবা 504 বিশেষ ব্যবস্থা, যদি প্রযোজ্য হয়।

কোন আচরণের একটি সামগ্রিক জবাব প্রদানের অবিচ্ছেদ্য অংশ হলো সহায়তা এবং মধ্যস্থতা।

শুরুতে ফিরে যান

## প্রগতিশীল লঙ্ঘনের স্তর

শিক্ষার্থী শিক্ষণ সহায়তাদানে সিটিওয়াইড আচরণগত প্রত্যাশা শিক্ষার্থীদেরকে তাদের আচরণের জন্য দায়বদ্ধ রাখে। শৃঙ্খলার লঙ্ঘন কতটা গুরুতর তার ভিত্তিতে পাঁচটি স্তরে এগুলোকে ভাগ করা হয়েছে। যখনই সম্ভব এবং যথোপযুক্ত, অসদাচরণের জবাব শৃঙ্খলা ব্যবস্থার সর্বোনিম্ন স্তর দিয়ে শুরু করা উচিত এবং এর অন্তর্ভুক্ত থাকবে উপযুক্ত সহায়তা এবং মধ্যস্থতা(সমূহ)।

প্রগতিশীল লঙ্ঘনের স্তর: শৃঙ্খলার লঙ্ঘন কতটা গুরুতর তার ভিত্তিতে পাঁচটি স্তরে এগুলোকে ভাগ করা হয়েছে। আরো তথ্যের জন্য পৃষ্ঠা 30-41 দেখুন।

- স্তর 1 — অসহযোগিতামূলক/অবাধ্য আচরণ
- স্তর 2 — বিশৃঙ্খল আচরণ
- স্তর 3 — বিঘ্নসৃষ্টিকারী আচরণ
- স্তর 4 — আক্রমণাত্মক অথবা আঘাত প্রদানকারী/ক্ষতিকর আচরণ
- স্তর 5 — গুরুতর বিপজ্জনক অথবা হিংস্র আচরণ

প্রতিটি স্তরের লঙ্ঘনে সম্ভাব্য গাইডেন্স মধ্যস্থতা কাঙ্খিত - এছাড়া কিছুসংখ্যক সম্ভাব্য শৃঙ্খলাজনিত ব্যবস্থা একজন শিক্ষক, প্রিন্সিপ্যাল, সিনিয়র এক্সিকিউটিভ ডিরেক্টর অভ দি অফিস অব সেফটি অ্যান্ড ইয়ুথ ডেভেলপমেন্ট অথবা চ্যান্সেলারের অন্য কোন নিযুক্ত ব্যক্তি অথবা কম্যুনিটি সুপারিনটেনডেন্ট কর্তৃক আরোপিত হতে পারে।

কোনো শিক্ষার্থী অসদাচরণ করলে বা শ্রেণিকক্ষে কার্যত ব্যাঘাত সৃষ্টি করলে যেসব শাস্তিমূলক ব্যবস্থা নেয়া হতে পারে সেগুলো প্রিন্সিপ্যাল, শিক্ষক, স্কুল কর্মী, শিক্ষার্থী এবং পিতামাতাদের জানা উচিত। ডিসিপ্লিন কোড বা শৃঙ্খলা বিধিটি দুই ভাগে বিভক্ত: K–5 গ্রেড এবং সেকশন B: 6-12 গ্রেড – শিক্ষার্থীর বয়স এবং সাধারণ পরিপক্কতা যাতে বিবেচনায় নেয়া যায় সেবিষয়টি নিশ্চিত করতে। কিছু লঙ্ঘন K–3 গ্রেডের শিক্ষার্থীদের বেলায় প্রযোজ্য নয়। কোন শিক্ষার্থী শৃঙ্খলা বিধিটির আওতাভুক্ত কোন অসদাচারণে লিপ্ত ছিলো কি-না, সেটা নির্ধারণের ক্ষেত্রে স্কুলগুলোকে শিক্ষার্থীর বর্ধিষ্ণু বয়সের কথা বিবেচনা করতে হবে।

